দাওয়াহ ইলাল্লাহ ফোরামের নির্বাচিত পোস্ট সমগ্র

২০১৯ ঈসায়ী

আল-হাদীস আর্কাইভ-২০১৯

দাওয়াহ ইলাল্লাহ ফোরামের

নির্বাচিত পোস্ট সমগ্র

২০১৯ ঈসায়ী

সূচিপত্র

যারা দুনিয়ার প্রতি মুহাব্বাত রাখে, তাদের কি কি ক্ষতির সম্মুখিন হতে হয়? ৪

গাযওয়ায়ে হিন্দের ব্যাপারে বর্ণিত হাদিসসমূহের মাননির্ণয় (তাসহীহ-তাযযীফ) ১০

জিহাদের গুরুত্ব ও প্রয়োজনীয়তা ১৫

দরসুল হাদিস; জিহাদ; ইমানের পরে সর্বোত্তম আমল.....১৯

দরসুল হাদিস; শাহাদাতের সন্ধানে ছুটে চলা; মুমিনের জীবনযাপনের সর্বোত্তম পদ্ধতি ২৭

গুরাবা সম্পর্কে হাদীস জানতে চাই ৩৩

তায়েফা মানসুরা কারাঃ ৩৫

আলিম ভাইদের কাছে প্রশ্ন ৫১

সম্মানিত আলেম ও মুফতি ভাইদের কাছে রাসুল (সাঃ) কে স্বপ্নে দেখা বিষয়ে জানতে চাই।.....৬১

দরসুল হাদিস; জিহাদ পরিত্যাগের শাস্তি; লাঞ্ছনা ও যিল্লতি..... ৬৫

জিহাদের জন্য সামান্য দানে বিরাট প্রতিদান ৭৩

গাজওয়াতুল হিন্দ সম্পর্কিত হাদিস: তাহকীক ও বিশ্লেষণ ৭৯

একটি হাদীসের সঠিক ব্যাখ্যা ও তার মান সম্পর্কে জানতে চাই? খুবই গুরুত্বপূর্ণ ও জরুরী বিষয়। ৯২

কা'ব ইবনে আশরাফের হত্যা ১০৩

যিলহজ্ব : নেক আমলে অগ্রগামী হওয়ার মাস..... ১০৬

দাজ্জালের ফিতনা হতে মুক্তির জন্য সহিহ হাদিসে বর্ণিত কয়েকটি আমল.....১১৩

যারা দুনিয়ার প্রতি মুহাব্বাত রাখে, তাদের কি কি ক্ষতির সম্মুখিন হতে হয়..... ?

tawsif ahmad

Senior Member

০১-০৭-২০১৯

যারা দুনিয়ার প্রতি মুহাব্বাত রাখে, তাদের কি কি ক্ষতির সম্মুখিন হতে হয়? আমি আমার অনুসন্ধান অনুযায়ী ও অভিজ্ঞতার আলোকে যা জেনেছি বুঝেছি, তা আমি এখানে উল্লেখ করলাম ... ভুল হলে সংশোধন করে দিবেন ... ইনশা-আল্লাহ ...

* হযরত ঈসা (আঃ) বলেছেন, যার অন্তরে দুনিয়ার প্রতি ভালোবাসা স্থান পাবে, তার অন্তর তিন বিষয়ে ফেসে যায়।

১- সার্বক্ষণিক ব্যস্ততা, যার থেকে সে কোন সময় নিস্তার পাবে না.....

২- সার্বক্ষণিক অভাই বোধ করবে, কখনো অভাব মুক্ত হবে না...।

৩- বিরাট বিরাট আসা করবে, যা কখনো পূরণ হবে না.....।

৪- যে ব্যক্তি দুনিয়াকে ভালোবাসে, সে ব্যক্তি আল্লাহর মুহাব্বাত থেকে দূরে থাকে ...।

হযরত কাতাদা বিন নু"আমান (আঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, নবী কারীম (সঃ) এরশাদ করেন, আল্লাহ তায়ালা যখন কাউকে ভালোবাসেন, তখন তাকে দুনিয়া হতে ঐ ভাবে দূরে রাখেন, যেমন ভাবে তোমরা অসুস্থ ব্যক্তিকে পানি হতে দূরে রাখ ... মুসনাদে আহমাদ ও ইবনে মাযাহ

৫- যার অন্তরে দুনিয়ার মুহাব্বাত থাকে, সে সঠিক জ্ঞানবুদ্ধি হাড়িয়ে ফেলে হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) বলেন, (পরকালে) যার কোন ঘর নেই, দুনিয়াই তার ঘর আর যার মাল নেই, দুনিয়াই তার মাল। যার জ্ঞান নেই সেই দুনিয়া নিয়ে পরে থাকে। মুসনাদে আহমাদ

৬- যার অন্তরে দুনিয়ার ভালোবাসা থাকে, তার পেরেশানী শেষ হয় না বরং দিনের দিন পেরেশানী বৃদ্ধিই পায় ...

হযরত ঈসা (আঃ) তার সাথীদেরকে বলেছিলেন, প্রত্যেক অনিষ্টের মূল হলো দুনিয়ার মুহাব্বাত। দুনিয়াতে এমন অনেক চাহিদা বা আশা আছে, যা কোন দিন শেষ হয় না বরং পেরেশানী ভারিয়ে দেয়.....।

৭- যার অন্তরে দুনিয়ার ভালবাসা থাকে, সে দুনিয়াতে সবচেয়ে বেশী নিকৃষ্ট ও খারাব .....।

হযরত নবী কারীম (সঃ) বলেছেন, আল্লাহ তায়ালা দুনিয়া হতে অধিক নিকৃষ্ট আর কোন কিছু সৃষ্টি করেননি দুনিয়া এত নিকৃষ্ট ও বিকৃত যে, তাকে সৃষ্টি করার পর, একটি বারের জন্যও দুনিয়ার দিকে ফিরে তাকান নি...। আল-জামিউস-ছগীর ও ফাইজুল কাদীর

৮- যার অন্তরে দুনিয়ার ভালোবাসা থাকে, তার অন্তর কঠোর ও শক্ত হয়ে যায়, অন্তরে কোন ধরণের মায়া-মুহাব্বাত থাকে না ...।

৯- যে দুনিয়াকে মুহাব্বাত করে, তার প্রতি আল্লাহ তায়ালার , রসূল (সঃ) এর ও সমস্ত ফেরেস্তাদের অভিসাপ .....।

১০- যে ব্যক্তি দুনিয়াকে মুহাব্বাত করে, তার বন্ধু হলো শয়তান ...।

১১- যারা দুনিয়াকে মুহাব্বাত করে, তাদের বেশীর ভাগই ধোকাবাজ, পতারক, বাটপার-ছিটার, লম্পট, সার্থবাজ ও সুবিধাবাদী হয় ...।

১৩- প্রত্যেক পাপের ও অনিষ্টের মূল হলো দুনিয়ার মুহাব্বাত ও ভালোবাসা। যেমন –

(ক) মানুষ হারাম খায়।

(খ) সুদ খায়।

(গ) ঘুষ খায়।

(ঘ) অন্যের সম্পদ অন্যায় ভাবে দখল করে নিজের বানিয়ে নেয়।

(ঙ) চুরি করে, ডাকাতি করে।

(চ) অন্যায়ভাবে মানুষ হত্যা করে।

(ছ) মাপে ও ওজুনে কম দেয়।

(জ) আমানতের খেয়ানত করে।

(ঝ) ওয়াদা দিয়ে, ওয়াদা আবার ভঙ্গ করে।

(ঞ) মিথ্যা কথা বলে।

(ট) মদ ও নেশা জাতীয় দ্রব্য খায়।

(ঠ) জুয়া খেলে ও অন্যান্য হারাম খেলায় লিপ্ত থাকে।

(ড) জিনা করে।

(ঢ) গান-বাদ্য করে ও শুনে।

(ণ) পিতা-মাতার অবাধ্য হয়।

(ত) আপনজনদের সাথে সম্পর্ক ছিন্ন করে।

(থ) আপন ধর্মের সাথে গাদ্দারী করে।

(দ) মুসলিম ভাইদের বিপরীতে অমুসলিমদেরকে বন্ধুরূপে গ্রহণ করে।

(ধ) মুসলিম ভাই-বোনদের বিপক্ষে অমুসলিমদেরকে সাহায্য করে।

(ন) সত্য-মিথ্যা চিনার মত ক্ষমতা হারিয়ে ফেলে।

(প) চাকরির ভয়ে, মৃত্যুর ভয়ে, সন্তান-সন্ততির ভয়ে ও জেল-জুলুমের ভয়ে হক্ক কথা বলা বন্ধ করে দেয়।

(ফ) হক্ক কথা শুনতে পারে না আর যারা হক্ক কথা বলে, তাদের বিরোধিতা করে এবং হক্ক কথা বলতে বাধা দেয়।

(ব) মানুষের উপর জুলুম-নির্যাতন করে।

(ভ) জিহাদের বিরোধিতা করে।

(ম) মানুষের উপর মিথা অপবাধ দেয়।

১৪- যারা দুনিয়াকে মুহাব্বাত করে, তারা আল্লাহর জিম্মাদারী থেকে বের হয়ে যায়।

হযরত আনাস ইবনে মালেক (রাঃ) বতে বর্ণিত, তিনি বলেন, রসূল (সঃ) বলেছেন, দুনিয়ার ফিকির নিয়ে যার সকাল হয়, সে আল্লাহ তায়ালার জিম্মাদারীর বাহিরে থাকে (তার ব্যপারে আল্লাহ তায়ালার কোন দায়িত্ব থাকে না) কানযুল উম্মাহ

১৫- যারা দুনিয়াকে মুহাব্বাত করে, তারা কখনো অল্পতে সন্তুষ্ট হয় না।

১৬- তারা অহংকার কারী হয়।

১৭- তারা হিংসা কারী হয়।

১৮- তারা কৃপণ ও বখিল হয়।

১৯- তারা অভদ্র হয়।

২০- তারা মৃত্যুর কথা ভুলে যায়।

২১- তারা লজ্জা-শরম হারিয়ে ফেলে।

২২- তারা সব সময় চিন্তা-ফিকেরে থাকে।

হযরত তাউস (রহঃ) বলেন, রসূল (সঃ) বলেছেন, দুনিয়া বিমুখতা শান্তি নিয়ে আসে আর দুনিয়ার ভালোবাসায় চিন্তা-ফিকির ও দুঃখ বৃদ্ধি করে। কানযুল উম্মাহ

২৩- তারা অকৃতজ্ঞ হয়।

২৪- তারা সম্পদের লোভ করে।

২৫- তারা নেতৃত্বের লোভ করে।

২৬- তারা নারীর লোভ করে।

২৭- তারা ক্ষমতার লোভ করে।

২৮- তারা জিহাদ করা ছেড়ে দেয়।

২৯- তারা ক্ষমতার অপব্যবহার করে।

৩০- তারা সৎ সাহস হারিয়ে ফেলে।

৩১- তারা মানুষের কাছে হাত পাতে।

৩২- তারা দুনিয়ার আদালত কে ভয় করে।

৩৩- তারা আল্লাহকে ছাড়া মানুষের সামনে মাথা নত করে।

৩৪- তারা আল্লাহকে ছাড়া মানুষকে ভয় করে।

৩৫- তারা আল্লাহকে ছাড়া মানুষের গোলামী করে।

৩৬- তারা আল্লাহ তায়ালাকে ভুলে যায়।

৩৭- তারা মৃত্যুর কথা ভুলে যায়।

৩৮- তারা কবরের কথা ভুলে যায়।

৩৯- তারা জান্নাত-জাহান্নামের কথা, হাশর-নাশরের কথা, মিজানের কথা, ফুলসিরাতের কথা ভুলে যায়।

৪০- তারা ঈমান কে বিক্রি করে দেয়।

৪১- তাদের আল্লাহ তায়ালার প্রতি ভরসা কমে যায় বা ভরসা থাকে না।

৪২- তাদের ধৈর্য কমে যায় বা থাকে না।

৪৩- তারা হালালকে হারাম আর হারামকে হালাল বানিয়ে ফেলে।

৪৪- তারা অহেতুক কথা-বার্তা বলে।

৪৫- যারা দুনিয়াকে মুহাব্বাত করে, তারা আল্লাহ তায়ালার হুকুম পালান করার ও আল্লাহ তায়ালাকে স্বরণ করার সময় পায় না। যেমন

(ক) নামাজ পড়ে না।

(খ) রোজা রাখে না।

(গ) হজ্জ করে না।

(ঘ) যাকাত দেয় না।

(ঙ) দ্বীনী ইলম শিখে না ও শিক্ষাও দেয় না।

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১২০১৯

গাযওয়ায়ে হিন্দের ব্যাপারে বর্ণিত হাদিসসমূহের মাননির্ণয় (তাসহীহ-তাযযীফ)

আদনানমারুফ

Senior Member

০২-২৮-২০১৯

আমরা জিহাদ, কিতাল, ফিতান, মালাহিম ইত্যাদি বিষয়ে অনেক হাদিস বিভিন্ন গ্রন্থ-প্রবন্ধ ও ফোরামে লিখি, কিন্তু এ হাদিসগুলো সহিহ কিনা তা যাচাই করি না, অথচ কোন হাদিস লিখা বা বলার পূর্বে তা সহিহ কিনা তা যাচাই করা ওয়াজিব, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, **كفى بالمرء كذبا أن يحدث بكل ما سمع** কোন মানুষের মিথ্যাবাদী হওয়ার জন্য এতটুকুই যথেষ্ট যে, সে যা কিছু শুনবে তাই বলতে থাকবে (সহিহ মুসলিম, ১/৮) তাই আমরা গাযওয়াতুল হিন্দ, ফিতান, ইমাম মাহদী, ঈসা আলাইহিস সালাম, তৃতীয় বিশ্বযুদ্ধ, ইত্যাদি বিষয়ে বর্ণিত হাদিসগুলো ধারাবাহিকভাবে পর্যালোচনা করবো ইনশাআল্লাহ। তো চলুন, আজকে গাযওয়াতুল হিন্দের ব্যাপারে বর্ণিত হাদিসগুলোর পর্যালোচনা দেখি।

أخبرني محمد بن عبد الله بن عبد الرحيم، قال: حدثنا أسد بن موسى، قال: حدثنا بقية، قال: حدثني أبو بكر الزبيدي، عن أخيه محمد بن الوليد، عن لقمان بن عامر، عن عبد الأعلى بن عدي البهراني، عن ثوبان مولى رسول الله، ﷺ قال: قال رسول الله ﷺ: «عصابتان من أمتي أحرزهما الله من النار: عصابة تغزو الهند، وعصابة تكون مع عيسى ابن مريم عليهما السلام». أخرجه النسائي: (3175) (وأحمد: (22396)

وقال الشيخ شعيب الأرنؤوط في تعليقه على مسند أحمد (81/37) : (حديث حسن، وهذا إسناد ضعيف من أجل بقية -وهو ابن الوليد- لكنه قد توبع، وباقي رجاله موثقون غير أبي بكر بن الوليد الزبيدي، فهو مجهول الحال، لكن تابعه عبد الله بن سالم، وهو الأشعري الحمصي، وهو ثقة (وصححه أيضا الألباني في

سلسلة الأحاديث الصحيحة (رقم: 1934 (والشيخ محمد بن علي بن آدم بن موسى الإثيوبي في شرح سنن النسائي: المسمى بذخيرة العقبى في شرح سنن المجتبى: 297/26 ط. دار آل بروم)

হাদিসের অর্থ: ছাওবান রাযি. হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "আমার উম্মতের দুটি দলকে আল্লাহ তায়ালা জাহান্নাম হতে মুক্তিদান করেছেন। তাদের একটি দল হিন্দুস্তানের অধিবাসীদের সাথে যুদ্ধ করবে। অপর দল ঈসা আলাইহিস সালামের সাথে যুদ্ধ করবে"। (সুনানে নাসায়ী, ৩১৭৫ মুসনাদে আহমদ, ২২৩৯৬)

হাদিসের মান: শায়েখ শুয়াইব আরনাউত হাদিসটিকে হাসান বলেছেন, আর শায়েখ আলবানী এবং সুনানে নাসায়ীর ভাষ্যকার শায়েখ মুহাম্মদ বিন আলী হাদিসটিকে সহিহ বলেছেন। (মুসনাদে আহমদ, তাহকীক শায়েখ শুয়াইব আরনাউত, ৩৭/৮১ যখীরাতুল উকবা, ২৬/২৯৭ আসসিলসিলাতুস সহিহাহ, ৪/৪৩৩)

حدثني محمد بن إسمعيل بن إبراهيم، قال :حدثنا يزيد، قال: أنبأنا هشيم، قال: حدثنا سيار أبو الحكم، عن جبر بن عبيدة، عن أبي هريرة، قال: «وعدنا رسول الله ﷺ غزوة الهند، فإن أدركتها أنفق فيها نفسي ومالي، وإن قتلت كنت أفضل الشهداء، وإن رجعت فأنا أبو هريرة المحرر». رواه النسائي: (3174)

ورواه أحمد (7128) عن هشيم عن سيار عن جبر بن عبيدة عن أبي هريرة. قال الشيخ أحمد شاكر في تعليقه على مسند أحمد (532/6 ط. دار الحديث): إسناده صحيح، سيار هو أبو الحكم الواسطي، سبق توثيقه (3552)، ... جبر بن عبيدة: هو الشاعر، وهو تابعي ثقة، ترجمه البخاري في الكبير (1/ 2/ 242) فلم يذكر فيه جرحاً، وابن أبي حاتم (1/ 1/ 533) فلم يجرحه أيضاً، وذكره ابن حبان في الثقات)... قلت: وقال الحافظ في التقريب: (مقبول)، فلا ينزل حديثه عن الحسن. وأما هشيم فهو ثقة ثبت من رجال الشيخين، ووصفه الذهبي في السير (288/8 ط. الرسالة (بقوله: (الإمام، شيخ الإسلام، محدث بغداد،

وحافظها) وللحديث طريقان آخران :أحدهما عن البراء بن عبد الله الغنوي، عن الحسن البصري، عن أبي هريرة عند أحمد (8823)، والثاني: عن هاشم بن سعيد، عن كنانة بن نبيه مولى صفية، عن أبي هريرة عند ابن أبي عاصم في الجهاد (291). ويشهد له حديث ثوبان المارِّ آنفا: «عصابتان من أمتي أحرزهم الله من النار: عصابة تغزو الهند...». فبهذه المتابعات والشواهد يرتقي الحديث إلى درجة الصحة .وقال السندي في تعليقه على سنن النسائي: (42/6) : (المحرر أي: المعتق من النارعلى مقتضى ذلك العمل النجيب، ... والحديث الماضي يدل على أنه بشَّر كُلَّ من حضر بذلك، فقوله بذلك مبني على أنه حينئذ يكون مندرجا فيمن بُشروا بذلك، والله تعالى أعلم)

অর্থ:

আবু হুরাইরা বলেন, "রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে হিন্দুস্তানের যুদ্ধের ওয়াদা করেছেন, যদি আমি (সেই যুদ্ধে) শহিদ হই তাহলে আমি হবো সর্বোত্তম শহিদদের একজন। আর যদি আমি (সেই যুদ্ধ থেকে জীবিত অবস্থায়) ফিরে আসতে পারি তাহলে আমি হবো (জাহান্নাম থেকে) মুক্তিপ্রাপ্ত। (মুসনাদে আহমদ: ৭১২৮ সুনানে নাসায়ী, ৩১৭৪)

হাদিসটির মান: শায়েখ আহমদ শাকের হাদিসটিকে সহিহ বলেছেন। (মুসনাদে আহমদ, তাহকীক শায়েখ আহমদ শাকের, ৬/৫৩২)

হাদিসের ব্যাখা: আল্লামা সিন্দী রহ. বলেন, পূর্বের হাদিসে বর্ণিত হয়েছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হিন্দুস্তানের যুদ্ধে অংশগ্রহণকারী সবাইকে জাহান্নাম থেকে মুক্তির ওয়াদা করেছেন, এর ভিত্তিতেই আবু হুরাইরা এ হাদিসে বলছেন, যদি আমি ফিরে আসি তাহলে জাহান্নাম থেকে মুক্তিপ্রাপ্ত হবো। (সুনানে নাসায়ীর টিকা, ৬/৪২)

أخبرنا يحيى بن يحيى، أنا إسماعيل بن عياش، عن صفوان بن عمرو السكسكي، عن شيخ، عن أبي هريرة ﷺ قال :ذكر رسول الله ﷺ يوما الهند، فقال: «ليغزون جيش لكم الهند فيفتح الله عليهم حتى يأتوا بملوك السند مغلغلين في السلاسل

فيغفر الله لهم ذنوبهم فينصرفون حين ينصرفون فيجدون المسيح ابن مريم بالشام» قال: أبو هريرة ﷺ فإن أنا أدركت تلك الغزوة بعت كل طارد وتالد لي وغزوتها». أخرجه الإمام اسحاق بن راهويه في مسند (537 (وقال محقق الكتاب) :رجاله بين ثقة وصدوق سوى شيخ صفوان مبهم لم أعرفه، إسماعيل بن عياش بن سليم أبو عتبة الحمصي صدوق في روايته عن أهل بلده، ومخلِّط في غيرهم وروايته هنا عن أهل بلده) وأخرجه أيضا نعيم بن الحماد في الفتن، (1236 (ولكن إسناده أضعف منه، ففي بقية، وهو مدلس وقد عنعن، مع جهالة شيخ صفوان.

অর্থ: সফওয়ান বিন আমর তার এক শায়েখের সূত্রে, আবু হুরাইরা রাযি. থেকে বর্ণণা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন হিন্দুস্তানের আলোচনা প্রসঙ্গে বলেন, 'তোমাদের একটি বাহিনী হিন্দুস্তানের (অধিবাসীদের) সাথে যুদ্ধ করবে, আল্লাহ তায়ালা তাদের বিজয় দান করবেন, ফলে তারা হিন্দুস্তানের বাদশাদের শৃঙ্খলাবদ্ধ করে নিয়ে আসবে। আল্লাহ তায়ালা (সেই মুজাহিদ বাহিনীর) সব গুনাহ ক্ষমা করে দিবেন। যুদ্ধ হতে প্রত্যাবর্তন করে তারা ঈসা আলাইহিস সালামের সাক্ষাত লাভ করবে। আবু হুরাইরা রাযি. বলেন, যদি আমি সেই যুদ্ধের সময় জীবীত থাকি তাহলে আমার সব ধনসম্পদ বিক্রি করে তাতে শরিক হবো। -মুসনাদে ইসহাক, ৫৩৭ আলফিতান, নুয়াইম বিন হাম্মাদ, ১২৩৬

হাদিসের মান: এ হাদিসের একজন রাবী মাজহুল বা অজ্ঞাত, হাদিসটি দুটি সনদে বর্ণিত হয়েছে, এবং দুটি সনদই সফওয়ান বিন আমর সাকসাকী পর্যন্ত পৌঁচেছে, তিনি ছিকাহ-বিশ্বস্ত রাবী, কিন্তু তিনি তার শায়েখের নাম উল্লেখ করেননি, বরং বলেছেন, 'এক শায়েখ থেকে'। মুসনাদে ইসহাকের মুহাক্কিক বলেন, এই শায়েখকে আমি চিনতে পারিনি। আমিও অনেক তালাশ করেছি, কিন্তু তাকে শনাক্ত করতে পারিনি। তাই উলুমুল হাদিসের মূলনীতী অনুযায়ী হাদিসটি যয়ীফ, সুতরাং হাদিসটি বর্ণণা করার সময় হাদিসের সনদের দূর্বলতাও বর্ণণা করতে হবে, এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দিকে এ হাদিসের নিসবত করা অর্থাৎ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন কিংবা হাদিসে এসেছে

এভাবে বর্ণণা করা যাবে না। বরং এভাবে বলা যেতে পারে যে, ‘যয়ীফ সনদে একটি হাদিসে এসেছে’। কিন্তু এ হাদিসটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন এই বিশ্বাস রাখা যাবে না। - (দেখুন, আলমাদখাল, মাওলানা আব্দুল মালিক, পৃ: ২০ তাদরীবুল রাবী, পৃ: ১৬০)

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১২৫৭৪

জিহাদের গুরুত্ব ও প্রয়োজনীয়তা

jaishulhind

Junior Member

০৩-২৪-২০১৯

আল্লাহ তায়ালা মানুষের উপর যত বিধি-বিধান নাযিল করেছেন এ সবই করেছেন মানুষের কল্যাণের জন্য, কোন একটি বিধান ও এমন নাই যা মনুষের কল্যাণ বয়ে আনে না, বা মানুষকে ক্ষতি থেকে বাঁচায় না। যেমনঃ নামাজ একটি ইবাদাত এর দ্বারা মানুষের শরীর মন উভয়টাই সুস্থ ও প্রশান্ত থাকে।

জাকাতঃ *এই ইবাদাতের দ্বারা মানুষ নিজের নফসকে বিশেষ ভাবে দুনিয়ার মুহাব্বত থেকে রক্ষা করে কারণ মানুষের দুবিয়ার প্রতি বেশি মুহাববতের অন্যতম একটি কারণ হল "মাল" আর যখন সে এই মাল দান করে তখন তার মধ্য থেকে এই মালের মুহাব্বত, লোভ কমে যায়। ফলে সে সহজেই হারাম থেকে বাঁচতে পারে।*

রোযাঃ *ইসলামের অন্যতম একটি ইবাদাত। এর দ্বারা বান্দা আল্লাহর নৈকট্য অর্জন করতে পারে এবং এর দ্বারা বান্দার ভিতর থেকে গুনাহের খাহেশাত দূর হয় আল্লাহর ভয় বৃদ্ধি পায়।*

হজ্বঃ *আল্লাহর একটি ফরজ বিধান এটা বান্দাকে আল্লাহর কাছে নত বানায়, নিজের মধ্য হতে অহংকার দূর হয়ে যায়। এগুলো হল দুনিয়ার লাভ ও উপকার, আর আখেরাতের মহা পুরুস্কার তো আল্লাহই দান করেবেন। তো আমরা এর উপর লক্ষ্য করলে দেখতে পাই প্রতিটা ইবাদাতই মানুষের উপকারের জন্য সাব্যস্ত হয়েছে। সুতরাং এখন একথা পরিস্কারা হয়ে গেলো যে আরো অন্য যত বিধান আছে তা উপকারের জন্যই সাব্যস্ত করা হয়েছে। এখন আমরা লক্ষ্য করলে আরো দেখতে পাই জিহাদ ও একটি ফরজ ইবাদাত সুতরাং এর ক্ষেত্রে ও আমাদের মেনে নিতে হবে যে ইহা ও মানষের কোন উপকারের জন্যই আল্লাহ তায়ালা নির্দারণ করেছেন। কিন্ত সে উপকার টা কি, তা আমাদের জানা প্রয়োজন। এটা জানতে হলে আমাদের আগে পুর্বের ইবাদাত গুলোতে দেখতে হবে যে উক্ত ইবাদাতের মধ্য মানুষের কোন উপকারটি পাওয়া যায় না।*

লক্ষ্য করলে দেখা যাবে, নামাজ, রোযা, হজ্ব ,যাকাত এই গুলোর মধ্য অনেক উপকার র্যেছে কিন্তু একটি উপকার পাওয়া যায় না। তা হল, কিভাবে মানুষের মাঝে পুর্ণ শান্তী ফিরে আসবে, কিভাবে আল্লাহর দ্বীন কায়েম হবে, কি ভাবে ফেতনা নির্মুল হবে। কারন উক্ত ইবাদাত গুলো দ্বারা তো শুধু নিজের কিছু উপকার হয়, এখানে তো দরকার সমস্ত উম্মাহর উপকার, শান্তী, নিরাপত্তা। সুতরাং আমরা এখন মিলিয়ে দেখি কোন ইবাদাতের মধ্য নিজের ও সমস্ত উম্মাহর দুনিয়াবী ও আখেরাতের ফায়দা বেশি পাওয়া যায়। তবে আমি একথা বলছি না যে, এগুলোর দরকার নেই,বরং আমি বলতে চাচ্ছি এগুলোর সাথে অন্য বিধান গুলো ও পালন করতে হবে,করা দরকার। উক্ত ইবাদাত গুলোর ফায়দা কিছুটা এরকমঃ

নামাজ= *যে আদায় করবে সে দুনিয়াতে আমান (নিরাপত্তা) ও আখেরাতে নাজাত(মুক্তি) পাবে কিন্তু উম্মাহ কিছুই পায় না*

হজ্ব= *যে আদায় করবে সে দুনিয়াতে আমান ও আখেরাতে নাজাত পাবে, তবে উম্মাহ কিছু পায় না।*

রোজা= *যে আদায় করবে দুনিয়াতে আমান ও আখেরাতে নাজাত পাবে কিন্তু উম্মাহ কিছু পায় না।*

জাকাত= *যে আদায় করবে সে আখেরাতে নাজাত পাবে দুনিয়াতে তেমন কিছু পাবে না,(সে নিজের মাল অন্যকে দিচ্ছে নিজে পাচ্ছে না) তবে উম্মাহ এর দ্বারা দুনিয়াতে আমান পাবে কিন্তু আখেরাতে নাজাত পায় না।*

জিহাদ= *যে করবে সে দুনিয়াতে আমান ও আখেরাতে নাজাত পাবে আর উম্মাহ ও দুনিয়াতে আমান পাবে আখেরাতে নাজাতের রাস্তা খুজে পাবে, কারণ, যখন জিহাদের মাধ্যমে দ্বীন প্রতিষ্ঠা হবে তখন মানুষ সুখ-শান্তী ন্যায়বিচার পাবে অর্থাৎ আমান পাবে আর যখন মানুষের মধ্য ন্যায় বিচার ও খোদা ভীতি বৃদ্ধি পাবে তখন মানুষ আল্লাহর দিকে দলে দলে ধাবীত হবে যা মানুষকে জান্নাতের দিকে অগ্রগামী করবে কারণ আল্লাহ তায়ালা তখন মানুষের তাওবা কবুল করবেন যেমন আল্লাহ তায়ালা এরশাদ করেছেন,*

اذا جاء نصر الله والفتح * ورأيت الناس يدخلون في دين الله افواجا * فسبح بحمد ربك واستغفره , انه كان توابا * (الكوثر)

অর্থঃ যখন আল্লাহর সাহায্য এবং বিজয় আসবে, সুতরাং তুমি দলে দলে মানুষকে আল্লাহর দ্বীনে প্রবেশ করতে দেখবে, তখন তুমি তোমার প্রতিপালকের প্রশংসাসহ তার পবিত্রতা ও মহিমা ঘোষণা করিও এবং তাহার নিকটে ক্ষমা প্রার্থণা করিও, তিনি তো তওবা কবুলকারী। (সূরা কাওসার)

সুতরাং এর দ্বারা জানা গেলো যে যখন জিহাদের মাধ্যমে আল্লাহর দ্বীনের বিজয় ও নুসরত আসবে মানুষেরা কোন আপত্তি সংশয় ছাড়াই দ্বীনে প্রবেশ করবে, আর তখন আল্লাহ তায়ালা মানুষের তাওবা কবুল করবেন আর যার তাওবা কবুল হবে আল্লাহ তায়ালা তো তাকেই জান্নাত দান করবেন আর এর চেয়ে বড় সফলতা কি হতে পারে যে স্বয়ং আল্লাহ তায়ালা তাওবা কবুলের ঘোষণা দিয়েছেন, তাই একথা বলার আর অপেক্ষা রাখে না যে, নিজের এবং উম্মাহর সব থেকে বেশি উপকার এই বিধানের মধ্যই রয়েছে, যা উম্মাহর প্রত্যেকের জন্যই প্রয়োজন। এখন একটি প্রশ্ন আসতে পারে তা হলঃ নামাজ রোজা দ্বারা তো এই উপকার উম্মাহ পাবে না এটা তো বুঝলাম, কিন্ত জিহাদের মাধ্যমে কিভাবে পাওয়া সম্ভব, তা তো বুঝলাম না,?কারোণ জিহাদ মানে তো শুধু মারামারি, রক্ত ঝরানো।? উত্তরঃ বর্তমান সমাজে অশান্তীর মুল কারণ হল ফেতনা-ফাসাদ। আর এই ফেতনা বিভিন্ন রকমের হতে পারে যেমন ধণীদের কতৃক গরীবের উপর নির্যাতন, বেহায়াপনা, ইসলাম বিদ্বেষীদের উন্নতি, নাস্তিক মুরতাদের অবৈধ ক্ষমতার ব্যবহার যার মাধ্যমে জনগণ নির্যাতীত,শোষিত। কুফফার কতৃক মুসলিমদের উপর জুলুম, ঘর-বাড়ি হারা, মুসলিমদের ধর্মীয় স্বাধীনতা হনন সহ আরও অনেক কিছু। এখন যদি শান্তী পেতে হয় তবে এই সকল ফেতনাকে অবশ্যই মুলৎপাটন করতে হবে এবং আল্লাহর দ্বীন কায়েম করতে হবে আর ফেতনা দূর করার ও আল্লাহর দ্বীন পূর্ণভাবে কায়েম করার একমাত্র পথ হল "জিহাদ ফি সাবিলিল্লাহ" যা আল্লাহ তায়ালা স্পষ্ট ভাষায় বলে দিয়েছেন,

وقاتلوهم حتي لاتكون فتنة ويكون الدين كله لله

অর্থঃ তোমরা ততক্ষণ পর্যন্ত তাদের (কাফের) বিরূদ্ধে কিতাল কর, যতক্ষণ না; ফেতনা দূরভূত হয় এবং পূর্ণভাবে দ্বীন আল্লাহর জন্য প্রতিষ্ঠিত হয়ে যায়।

এই আয়াত দ্বারা সুস্পষ্ট ভাবে জানা গেল, যে ফেতনা দূর করে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠা করতে হলে জিহাদের কোন বিকল্প নাই। সুতরাং জিহাদে করতে গিয়ে যে

মারামারি করতে হয় এটা আমাদের নিজেদের মধ্যকার ব্যক্তি স্বার্থের লড়াই নয় বরং এটা জালিমের বিরুদ্ধে মাজলুমের লড়াই,বাতিলের বিরুদ্ধে হকের লড়াই যার অনুমতি আল্লাহ তায়ালা সরাসরি দিয়েছেন,রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তার সাহাবায়ে কেরাম রাঃ শশরীরে ময়দানে গিয়ে প্রমান করে দিয়েছেন, সুতরাং যাতে উম্মাহর জন্য এত বেশি ফায়দা তা জানার পরেও নির্বোধ ছাড়া কে এর বিরোধিতা করে, আর কে ফিরে থাকে...!?

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১২৭৯৭

দরসুল হাদিস; জিহাদ; ইমানের পরে সর্বোত্তম আমল

আদনানমারুফ

Senior Member

০৪-১৪-২০১৯

عن أبي هريرة، أن رسول الله ﷺ سئل: أي العمل أفضل؟ فقال: «إيمان بالله ورسوله». قيل: ثم ماذا؟ قال: «الجهاد في سبيل الله» قيل: ثم ماذا؟ قال: «حج مبرور». صحيح البخاري: (26 (صحيح مسلم: (83(

আবু হুরাইরা রাযিআল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে প্রশ্ন করা হলো, সর্বোত্তম আমল কোনটি? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আল্লাহ ও তার রাসূলের প্রতি ইমান আনা। প্রশ্ন করা হলো, এরপর কোনটি? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আল্লাহর রাস্তায় জিহাদ করা। প্রশ্ন করা হলো, এরপর কোনটি, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হজ্জে মাবরুর (মকবুল হজ্জ) -সহিহ বুখারী, ২৬ সহিহ মুসলিম, ৮৩

عن أبي ذر، قال: قلت: يا رسول الله، أي الأعمال أفضل؟ قال: «الإيمان بالله والجهاد في سبيله». صحيح البخاري: (2518) صحيح مسلم: (84(

আবু যর রাযিআল্লাহু বলেন, আমি রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞেস করলাম, সর্বোত্তম আমল কোনটি? রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আল্লাহর প্রতি ইমান আনা এবং তার পথে জিহাদ করা। -সহিহ বুখারী, ২৫১৮ সহিহ মুসলিম, ৮৪

আবু সাইদ খুদরী রাযিআল্লাহু আনহু বলেন,

قيل: يا رسول الله أي الناس أفضل؟ فقال رسول الله ﷺ: «مؤمن يجاهد في سبيل الله بنفسه وماله .«صحيح البخاري: (2786) صحيح مسلم: (1888(

রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে প্রশ্ন করা হয়, হে আল্লাহর রাসুল, সর্বোত্তম ব্যক্তি কে? রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ঐ মুমিন যে নিজের জানমাল দিয়ে আল্লাহর রাস্তায় জিহাদ করে। -সহিহ বুখারী, ২৭৮৬ সহিহ মুসলিম, ১৮৮৮

আবু হুরাইরা রাযি. বলেন,

جاء رجل إلى رسول الله ﷺ، فقال: دلني على عمل يعدل الجهاد؟ قال: «لا أجده» قال: «هل تستطيع إذا خرج المجاهد أن تدخل مسجدك فتقوم ولا تفتر، وتصوم ولا تفطر؟»، قال: ومن يستطيع ذلك؟، قال أبو هريرة: «إن فرس المجاهد ليستن في طوله، فيكتب له حسنات». صحيح البخاري: (2785) صحيح مسلم: (1878)

একব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট এসে বললো, আমাকে এমন কোন আমলের কথা বলে দিন যা জিহাদের সমতূল্য, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমি তো এমন কোন আমল দেখতে পাচ্ছি না। তুমি কি পারবে, মুজাহিদ জিহাদের উদ্দেশ্যে বের হলে তুমি মসজিদে প্রবেশ করে অনবরত নামায পড়তে থাকবে, ক্লান্ত হবে না। প্রতিদিন রোযা রাখবে, রোযা ভাঙ্গবে না। প্রশ্নকারী বললেন, এটা কেই বা পারবে? আবু হুরাইরা বলেন, মুজাহিদের ঘোড়া রশিতে বাধা অবস্থায় বিচরণ করলেও মুজাহিদের জন্য সওয়াব লিখা হয়। -সহিহ বুখারী, ২৭৮৫, সহিহ মুসলিম, ১৮৭৮

হাফেয ইবনে হাযার বলেন,

وهذه فضيلة ظاهرة للمجاهد في سبيل الله تقتضي أن لا يعدل الجهاد شيء من الأعمال. فتح الباري: 5/6 ط. دار الفكر(

এটি মুজাহিদের জন্য সুস্পষ্ট ফযিলত, যা প্রমাণ করে কোন আমলই জিহাদের সমতূল্য নয়। -ফাতহুল বারী, ৬/৫

উপরোক্ত হাদিসসমূহ থেকে সুস্পষ্ট যে, ইমানের পরে সর্বোত্তম আমল হলো আল্লাহর পথে জিহাদ, উলামায়ে কেরাম বলেন, হাদিস মূলত কুরআনের ব্যাখা,

এবং হাদিসের সব বিষয়ই ইশারা-ইঙ্গিতে হলেও কুরআনে আছে (দেখুন, আসসুন্নাহ ও মাকানাতুহা, মুস্তফা সিবায়ী, ১/৩৮৬ আলমাকতাবুল ইসলামী) এ দৃষ্টিকোন থেকে আমরা বলতে পারি এ হাদিসসমূহ আল্লাহর তায়ালার নিম্মোক্ত বাণী থেকেই সংগ্রহীত,

أَجَعَلْتُمْ سِقَايَةَ الْحَاجِّ وَعِمَارَةَ الْمَسْجِدِ الْحَرَامِ كَمَنْ آمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَجَاهَدَ فِي سَبِيلِ اللَّهِ لَا يَسْتَوُونَ عِنْدَ اللَّهِ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ الَّذِينَ آمَنُوا وَهَاجَرُوا وَجَاهَدُوا فِي سَبِيلِ اللَّهِ بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ أَعْظَمُ دَرَجَةً عِنْدَ اللَّهِ وَأُولَئِكَ هُمُ الْفَائِزُونَ (التوبة: 19(

তোমরা কি হাজিদের পানি পান করানো এবং মসজিদে হারাম আবাদ করাকে আল্লাহ ও শেষ দিবসের প্রতি ইমান আনা এবং আল্লাহর পথে জিহাদ করার সমতূল্য মনে করো? তারা তো আল্লাহর তায়ালার নিকট সমান নয়। আল্লাহ তায়ালা জালেমদের হেদায়াত দান করেন না। যারা ইমান এনেছে, হিজরত করেছে এবং আল্লাহর পথে জানমাল দিয়ে জিহাদ করেছে তারা আল্লাহর তায়ালার নিকট উচ্চ মর্যাদার অধিকারী, এবং তারাই তো সফলকাম। -সুরা তাওবা, ১৯-২০

এ আয়াতের শানে নুযুলে ইমাম মুসলিম নোমান বিন বাশির রাযিআল্লাহু আনহু থেকে বর্ণণা করেন,

»كنت عند منبر رسول الله ﷺ، فقال رجل: ما أبالي أن لا أعمل عملا بعد الإسلام إلا أن أسقي الحاج، وقال آخر: ما أبالي أن لا أعمل عملا بعد الإسلام إلا أن أعمر المسجد الحرام، وقال آخر: الجهاد في سبيل الله أفضل مما قلتم، فزجرهم عمر، وقال :لا ترفعوا أصواتكم عند منبر رسول الله ﷺ وهو يوم الجمعة، ولكن إذا صليت الجمعة دخلت فاستفتيته فيما اختلفتم فيه، فأنزل الله عز وجل : }أجعلتم سقاية الحاج وعمارة المسجد الحرام كمن آمن بالله واليوم الآخر {الآية إلى آخرها. (1879)

আমি রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মিম্বারের নিকট বসা ছিলাম, তখন এক ব্যক্তি বলে উঠলো, ইসলাম আনার পর হাজিদের পানি পান করানো ব্যতীত

অন্য কোন আমল না করলেও আমার কোন পরোয়া নেই, আরেকজন বললো, ইসলাম আনার পর মসজিদুল হারাম আবাদ করা ব্যতীত অন্য কোন আমল না করলেও আমার কোন পরোয়া নেই। তৃতীয় একব্যক্তি বললো, তোমরা যে আমলগুলোর কথা বলছো তার চেয়ে জিহাদ উত্তম, উমর রাযিআল্লাহু আনহু তাদের ধমক দিয়ে বললেন, তোমরা রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মিম্বারের নিকট উচ্চস্বরে কথা বলো না, বরং জুমুআর নামাযের পর আমি রাসুলের নিকট তোমরা যে বিষয়ে মতভেদ করছো সেই ব্যাপারে জিজ্ঞেস করবো। তখন আল্লাহ তায়ালা এই আয়াত অবতীর্ণ করেন, 'তোমরা কি হাজিদের পানি পান করানো এবং মসজিদে হারাম আবাদ করাকে আল্লাহ ও শেষ দিবসের প্রতি ইমান আনা এবং আল্লাহর পথে জিহাদ করার সমতূল্য মনে করো? (সুরা তাওবা, আয়াত, ১৯) -সহিহ মুসলিম, ১৮৭৯

মসজিদুল হারাম আবাদ করা দ্বারা তাতে ইবাদত বন্দেগী করা এবং তার নির্মানকাজ করা উভয়টিই উদ্দেশ্য, (দেখুন, আহকামুল কুরআন, ইমাম জাসসাস, ১/৭৫ দারু ইহয়াউত তুরাস, তাফসীরে সা'দী, পৃ: ৩৩১ মুয়াসসাসাতুল রিসালা) সুতরাং আয়াত থেকে স্পষ্ট যে নফল হজ্জে গিয়ে মসজিদুল হারামে ইবাদত বন্দেগী করার চেয়ে আল্লাহর রাস্তায় জিহাদ করাই উত্তম, এজন্যই আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইমানের পর জিহাদকে সর্বোত্তম আমল বলেছেন এবং হজকে তৃতীয় স্তরে রেখেছেন।

বরং শাইখুত তাফসীর শাইখ আহমদ আলী লাহোরী বলেন, এ আয়াতে তাদের অযুহাত খন্ডন করা হয়েছে, যারা মসজিদ (ও খানকায়) বসে বসে ইবাদত ও যিকির করার বাহানায় জিহাদ থেকে বিরত থাকে। -ফাতহুল জাওয়াদ, ২/৪৩১

জিহাদের ফযিলত সম্বলিত এ ধরণের অসংখ্য আয়াত ও হাদিসের কারণে সাহাবায়ে কেরামও জিহাদকে সর্বোত্তম আমল মনে করতেন, উম্মুল মুমিনীন আয়েশা সিদ্দীকা রাযিআল্লাহু আনহা রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলেন,

يا رسول الله، نرى الجهاد أفضل العمل، أفلا نجاهد؟ قال: «لا، لكن أفضل الجهاد حج مبرور.»

হে আল্লাহর রাসূল আমরা জানি জিহাদ সর্বোত্তম আমল, আমরা কি জিহাদ করবো না? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমাদের জন্য সর্বোত্তম জিহাদ হলো হজ্জে মাবরূর, (মকবুল হজ) –সহিহ বুখারী, ১৫২০

সুনানে নাসায়ীর বর্ণণায় আয়েশা রাযিআল্লাহু আনহার প্রশ্নটি এভাবে এসেছে,

إني لا أرى عملا في القرآن أفضل من الجهاد. (سنن النسائي(2628 :

আমি তো কুরআনে জিহাদের চেয়ে উত্তম কোন আমল দেখছি না ...। -সুনানে নাসায়ী, ২৬২৮

উল্লেখিত হাদিসটির ব্যাখ্যায় হাফেয ইবনে হাজার আসকালানী রহিমাহুল্লাহ (মৃ: ৮৫২ হি.) বলেন,

أي نعتقد ونعلم، وذلك لكثرة ما يسمع من فضائله في الكتاب والسنة، وقد رواه جرير عن صهيب عند النسائي بلفظ: «فإني لا أرى عملا في القرآن أفضل من الجهاد». اختلف في ضبط (لكن) فالأكثر بضم الكاف خطاب للنسوة، قال القابسي وهو الذي تميل إليه نفسي، وفي رواية الحموي لكن بكسر الكاف وزيادة ألف قبلها بلفظ الاستدراك، والأول أكثر فائدة، لأنه يشتمل على إثبات فضل الحج، وعلى جواب سؤالها عن الجهاد. (فتح الباري 3/382 :ط. دار الفكر(

অর্থাৎ আমরা জানি এবং বিশ্বাস করি, (জিহাদ সর্বোত্তম আমল) কেননা কুরআন-সুন্নাহয় এর অসংখ্য ফযিলত এসেছে। ... অধিকাংশ বর্ণণায় لكن শব্দের কাফ অক্ষরে পেশ এসেছে (অর্থাৎ لِكُنَّ তোমাদের জন্য সর্বোত্তম জিহাদ) ....

আবু হুরাইরা রাযি. থেকে বর্ণিত, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

»ما العمل في أيام أفضل منها في هذه؟ «قالوا: ولا الجهاد؟ قال: «ولا الجهاد، إلا رجل خرج يخاطر بنفسه وماله، فلم يرجع بشيء». صحيح البخاري: (969)

জিলহজ মাসের প্রথম দশদিনে আমল করা অন্য কোন দিনে আমল করার সমতূল্য নয়। সাহাবায়ে কেরাম প্রশ্ন করলেন, (অন্য দিনগুলিতে) জিহাদ করাও কি এই দশদিনে আমল করার সমতূল্য নয়। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, না, জিহাদও নয়, তবে যে ব্যক্তি নিজের জানমালের ঝুকি নিয়ে জিহাদে অংশগ্রহণ করে এবং জানমাল কোন কিছুই না নিয়েই ফিরে আসে (সেই ব্যক্তির আমল জিলহজের আমলের চেয়েও উত্তম) । -সহিহ বুখারী, ৯৬৯

হাফেয ইবনে হাযার বলেন,

ودل سؤالهم هذا على تقرر أفضلية الجهاد عندهم. (فتح الباري: 460/2)

সাহাবীদের এই প্রশ্ন প্রমাণ করে তাদের নিকট জিহাদ সর্বোত্তম হওয়ার বিষয়টি সুবিদিত ছিল। -ফাতহুল বারী, ২/৪৬০

ইমাম ইবনে কুদামা আলামাকদিসী রহিমাহুল্লাহ (মৃ: ৬২০ হি.) তার বিখ্যাত ফিকহগ্রন্থ আলমুগনীতে বলেন,

قال الأثرم: قال أحمد: لا نعلم شيئا من أبواب البر أفضل من السبيل. وقال الفضل بن زياد: سمعت أبا عبد الله، وذكر له أمر العدو؟ فجعل يبكي، ويقول: ما من أعمال البر أفضل منه. وقال عنه غيره: ليس يعدل لقاء العدو شيء. ومباشرة القتال بنفسه أفضل الأعمال، والذين يقاتلون العدو، هم الذين يدفعون عن الإسلام وعن حريمهم، فأي عمل أفضل منه، الناس آمنون وهم خائفون، قد بذلوا مهج أنفسهم .

আছরম বলেন, ইমাম আহমদ বলেন, জিহাদের চেয়ে উত্তম কোন নেকআমল আছে বলে আমার জানা নেই। ফযল বিন যিয়াদ বলেন, ইমাম আহমদের নিকট শত্রুর আলোচনা করা হলে তিনি কেদে ফেলেন এবং বলেন জিহাদের চেয়ে উত্তম কোন নেক আমল নেই, ইমাম আহমদের আরেকজন ছাত্র তার থেকে বর্ণণা করেন, শত্রুর মোকাবেলার সমতূল্য কোন ইবাদত নেই, স্বশরীরে যুদ্ধে অংশ্রগহণ করা সর্বোত্তম আমল, যারা শত্রুদের সাথে যুদ্ধ করে তারাই ইসলামের প্রতিরক্ষা করে, সুতরাং জিহাদে চেয়ে উত্তম আমল আর কি হতে পারে? মানুষ নিরাপদে

থাকে, অথচ মুজাহিদরা ভীতসন্ত্রস্ত থাকে, নিজেদের জীবন উৎসর্গ করে। এরপর ইবনে কুদামা জিহাদের ফযীলতে কিছু হাদিস উল্লেখ করার পরে বলেন,

ولأن الجهاد بذل المهجة والمال، ونفعه يعم المسلمين كلهم، صغيرهم وكبيرهم، قويهم وضعيفهم، ذكرهم و أنثاهم، وغيره لا يساويه في نفعه وخطره، فلا يساويه في فضله وأجره) .المغني: 199/9 ط. مكتبة القاهرة)

তাছাড়া জিহাদে জানমাল ব্যয় করতে হয় এবং জিহাদের ফায়েদা ছোট-বড়, দূর্বল-সবল, পুরুষ-মহিলা, সকল মুসলিম ভোগ করে, অন্য কোন আমল উপকারীতা ও ঝুঁকির ক্ষেত্রে জিহাদের সমান নয়, সুতরাং ফযিলত ও সওয়াবের ক্ষেত্রেও তা জিহাদের সমতূল্য হবে না (কেননা হাদিসে এসেছে, সওয়াব পরিমাণ নির্ধারিত হয় ইবাদত আদায়ে কষ্ট-ক্লেশের পরিমাণ অনুপাতে, সহিহ বুখারী, ১৭৮৬ সহিহ মুসলিম, ১২১১)। -আলমুগনী, ৯/১৯৯

সহিহ মুসলিমের ভাষ্যকার ইমাম আবুল আব্বাস কুরতুবী রহিমাহুল্লাহ (মৃ: ৬৫৬ হি.) বলেন,

وقد حصل من مجموع هذه الأحاديث: أن الجهاد أفضل من جميع العبادات العملية، ولا شك في هذا عند تعيينه على كل مكلف يقدر عليه، كما كان في أوّل الإسلام، وكما قد تعيَّن في هذه الأزمان؛ إذ قد استولى على المسلمين أهل الكفر والطغيان، فلا حول ولا قوة إلا بالله العلي العظيم. (المفهم لما أشكل من تلخيص كتاب مسلم: 712/3 ط. دار ابن كثير 1417 :هـ(

এই সকল হাদিস থেকে বুঝা যায়, জিহাদ সকল আমলী ইবাদাতের চেয়ে উত্তম, এতে কোন সন্দেহ নেই যে, জিহাদ ফরযে আইন হওয়ার সুরতে জিহাদই সর্বোত্তম আমল, যেমন ইসলামের সূচনালগ্নে জিহাদ ফরযে আইন ছিল, এবং বর্তমান যমানায়ও জিহাদ ফরযে আইন হয়ে গেছে, যেহেতু মুসলিমদের উপর কাফেররা প্রভাব বিস্তার করেছে। -আলমুফহিম, ৩/৭১২

আল্লাহ তায়ালা ইমাম কুরতুবীর উপর লাখো রহমত বর্ষণ করুন, তিনি সপ্তম হিজরীতেই কাফেরদের গলাবা ও বিজয়ের কারণে জিহাদ ফরযে আইন হওয়ার

ফতোয়া দিয়েছেন। অথচ তখন কাফেররা অল্প কিছু মুসলিম ভূমিই দখল করতে পেরেছিল। হায়, তিনি যদি আজকের অবস্থা দেখতেন, যখন পৃথিবীর সব মুসলিম ভূমিই কাফেরদের অধীন, মুসলিম ভূমিগুলোর দালাল শাসকেরা কাফেরদের আজ্ঞাবহ, তাহলে না জানি তিনি কি ফতোয়ায়ই দিতেন।

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১৩০১২

দরসুল হাদিস; শাহাদাতের সন্ধানে ছুটে চলা; মুমিনের জীবনযাপনের সর্বোত্তম পদ্ধতি

আদনানমারুফ

Senior Member

০৪-২০-২০১৯

عن أبي هريرة، عن رسول الله ﷺ، أنه قال: «مِنْ خَيْرِ مَعَاشِ النَّاسِ لَهُمْ، رَجُلٌ مُمْسِكٌ عِنَانَ فَرَسِهِ فِي سَبِيلِ اللهِ، يَطِيرُ عَلَى مَتْنِهِ، كُلَّمَا سَمِعَ هَيْعَةً، أَوْ فَزْعَةً طَارَ عَلَيْهِ، يَبْتَغِي الْقَتْلَ وَالْمَوْتَ مَظَانَّهُ، أَوْ رَجُلٌ فِي غُنَيْمَةٍ فِي رَأْسِ شَعَفَةٍ مِنْ هَذِهِ الشَّعَفِ، أَوْ بَطْنِ وَادٍ مِنْ هَذِهِ الْأَوْدِيَةِ، يُقِيمُ الصَّلَاةَ، وَيُؤْتِي الزَّكَاةَ، وَيَعْبُدُ رَبَّهُ حَتَّى يَأْتِيَهُ الْيَقِينُ، لَيْسَ مِنَ النَّاسِ إِلَّا فِي خَيْرٍ». أخرجه الإمام مسلم في كتاب الإمارة، باب فضل الجهاد والرباط: (1889)

আবু হুরাইরা রাযি. থেকে বর্ণিত, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, মুমিনের জীবনের সর্বোত্তম অবস্থা হলো ঐ ব্যক্তির অবস্থা যে আল্লাহর পথে জিহাদের জন্য ঘোড়ার লাগাম ধরে থাকে (অর্থাৎ পূর্ণ প্রস্তুত থাকে), (শত্রু আগমণের) সংবাদ কিংবা (সাহায্যের আবেদনমূলক) চিৎকার শুনতে পাওয়া মাত্রই সে ঘোড়ার পিঠে উড়ে চলে, সম্ভাব্য (সকল) স্থানে শাহাদাত ও মৃত্যুকে খুঁজে ফেরে, কিংবা ঐ ব্যক্তি যে কোন পাহাড়ের চূড়ায় বা কোন উপত্যকায় কয়েকটি ছাগল নিয়ে বসবাস করে, নামায কায়েম করে, যাকাত প্রদান করে, এবং মৃত্য পর্যন্ত আল্লাহর ইবাদত করে, সে মানুষের শুধু কল্যাণই সাধণ করে (ক্ষতি করে না) -সহিহ মুসলিম, ১৮৮৯

হাদিসের ব্যাখায় ইমাম নববী রহিমাহুল্লাহ (মৃ: ৬৭৬ হি.) বলেন,

المعاش هو العيش، وهو الحياة، وتقديره والله أعلم: «مِن خير أحوال عيشهم: رجل ممسك». قوله ﷺ: «يطير على متنه كلما سمع هيعة أو فزعة طار على متنه، يبتغي القتل والموت مظانه» معناه: يسارع على ظهره، وهو متنه، كلما

سمع هيعة، وهي الصوت عند حضور العدو، وهى بفتح الهاء وإسكان الياء، والفزعة بإسكان الزاي، وهي النهوض إلى العدو .

ومعنى «يبتغي القتل مظانه» : يطلبه في مواطنه التي يرجى فيها لشدة رغبته في الشهادة، وفي هذا الحديث فضيلة الجهاد والرباط والحرص على الشهادة. شرح النووي على مسلم: (35/13 ط. دار إحياء التراث العربي: 1392

... 'সম্ভাব্য স্থানে শাহাদাত ও মৃত্যুকে খুঁজে বেড়ায়' এর অর্থ হলো, শাহাদাতের প্রতি তীব্র আকাঙ্খার কারণে ঐ সব স্থানে শাহাদাতকে খুঁজে বেড়ায় যেখানে শাহাদাতের সম্ভাবনা থাকে। এই হাদিস জিহাদ, রিবাত ও শাহাদাতের আকাঙ্খার ফযিলত প্রমাণ করে। -শরহে মুসলিম, ১৩/৩৫

হাদিসের দ্বিতীয় অংশে যে পাহাড়ের চূড়ায় বা উপত্যকায় একাকী বসবাস করে ইবাদত বন্দেগী করার প্রতি উৎসাহিত করা হয়েছে, আলেমগণ বলেছেন, এটা ফিতনার সময়ের বিধান, এর দলিল হলো সহিহ বুখারীর এই হাদিস,

عن أبي سعيد الخدري ﷺ، قال :قال رسول الله ﷺ: «يوشك أن يكون خير مال الرجل غنم، يتبع بها شعف الجبال وموا قع القطر، يفر بدينه من الفتن» صحيح البخاري: (19(

আবু সাইদ খুদরী রাযিআল্লাহু আনহু থেকে বর্ণিত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, অচিরেই মানুষের উত্তম সম্পদ হবে ছাগলপাল, যা নিয়ে সে পাহাড়ের চূড়ায় ও বৃষ্টিবর্ষণের স্থানসমূহে বসবাস করবে, দ্বীন রক্ষার্থে সে ফিতনা থেকে পলায়ন করবে। -সহিহ বুখারী, ১৯ (বিস্তারিত দেখুন, ইমাম নববীর শরহে মুসলিম ১৩/৩৪ দারু ইহইয়াউত তুরাস, ফাতহুল বারী, ৬/৬-৭ দারুল ফিকর, তাকমিলাতু ফাতহিল মুলহিম, ৩/৩৪৭ দারু ইহইয়াউত তুরাস)

আর স্বাভাবিক অবস্থায় মানুষের সাথে মিলে থাকা, বিশেষকরে জিহাদের উদ্দেশ্যে লোকালয়ে থাকা একাকী পাহাড়-উপত্যকায় থেকে ইবাদত করার চেয়ে অনেক উত্তম, একসাহাবী একটি পাহাড়ের শৃঙ্গের পাশ দিয়ে অতিক্রম করেন, যাতে একটি ছোট্ট সুন্দর ঝর্ণা ছিল, জায়গাটি সাহাবীর বেশ পছন্দ হয়, তিনি ভাবেন, যদি আমি

মানুষের থেকে পৃথক হয়ে এই পাহাড়ের চূড়ায় অবস্থান করি তাহলে কতই না উত্তম হয়, তবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞেস না করে আমি কখনোই তা করবো না। পরে তিনি রাসূলের নিকট এ বিষয়টি উপস্থাপন করলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন,

لاَ تَفْعَلْ، فَإِنَّ مُقَامَ أَحَدِكُمْ فِي سَبِيلِ اللهِ أَفْضَلُ مِنْ صَلاَتِهِ فِي بَيْتِهِ سَبْعِينَ عَامًا، أَلاَ تُحِبُّونَ أَنْ يَغْفِرَ اللَّهُ لَكُمْ وَيُدْخِلَكُمُ الجَنَّةَ، اغْزُو فِي سَبِيلِ اللهِ، مَنْ قَاتَلَ فِي سَبِيلِ اللهِ فَوَاقَ نَاقَةٍ وَجَبَتْ لَهُ الجَنَّةُ.أخرجه أحمد: (10785) والترمذي : والحاكم: (2382) (1650) وقال الترمذي: هَذَا حَدِيثٌ حَسَنٌ. وقال الحاكم :)هذا حديث صحيح على شرط مسلم) وو افقه الذهبي، وقال الشيخ شعيب في تحقيقه لمسند أحمد: (إسناده حسن(

তুমি এটা করো না, কেননা আল্লাহর রাস্তায় একমূহুর্ত অবস্থান করা ঘরে বসে সত্তর বছর ইবাদত করার চেয়েও উত্তম, তোমরা কি চাওনা না আল্লাহ তোমাদের ক্ষমা করে দিবেন, তোমাদের জান্নাতে প্রবেশ করাবেন? আল্লাহর পথে যুদ্ধ করো, **যে আল্লাহর পথে একমূহুর্ত যুদ্ধ করবে তার জন্য জান্নাত অবধারিত হয়ে যাবে।**- সুনানে তিরমিযি, ১৬৫০, মুসনাদে আহমদ, ৯৬৭২ ইমাম তিরমিযি ও শায়েখ শুয়াইব আরনাউত হাদিসটিকে হাসান বলেছেন।

এখানে প্রসঙ্গত ফিতনা কাকে বলে তাও স্পষ্ট করা দরকার, অনেকে জিহাদকেই ফিতনা মনে করে, বিশেষকরে নুসাইরী, শিয়া, ও মুরতাদ-ইসলামবিদ্বেষী সরকারের বিপক্ষে যুদ্ধকেই ফিতনা মনে করে নিরপেক্ষ হয়ে বসে থাকে, কিন্তু ফিতনা কাকে বলে এই বিষয়ে ইসলামে সুস্পষ্ট নির্দেশনা রয়েছে, ফিতনা সম্পর্কে সবচেয়ে জ্ঞানী সাহাবী হলেন হুযাইফা রাযিআল্লাহু আনহু, তিনি নিজেই বলেন, ‘মানুষ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে কল্যাণকর বিষয়াদী সম্পর্কে জিজ্ঞেস করতো, আর আমি তাকে অকল্যাণ (ফিতনা-ফাসাদ ইত্যাদি) সম্পর্কে জিজ্ঞেস করতাম, যেন আমি এগুলো থেকে বেঁচে থাকতে পারি’, (সহিহ বুখারী, ৩৬০৬ সহিহ মুসলিম, ১৮৪৭) সাহাবায়ে কেরামও তাকে ফিতনা বিষয়ে সবচেয়ে বেশি জ্ঞানী হিসেবে স্বীকৃতি দিতেন, (সহিহ বুখারী, ৫২৫ সহিহ মুসলিম, ১৪৪) তো এই মহান সাহাবী হুযাইফা রাযিআল্লাহু আনহু সুস্পষ্ট রুপে বলেছেন, ‘ফিতনা

হলো যখন হক-বাতিল অস্পষ্ট হয়ে যায়', অর্থাৎ যদি কখনো এমন হয় যে, কোন পক্ষ হক আর কোন পক্ষ বাতিল তা নির্ধারণ করা না যায় তখন শরিয়ত আমাদের কোনো পক্ষ অবলম্বন করতে নিষেধ করেছে, কিন্তু যেখানে এক পক্ষ কুরআনের শাসন প্রতিষ্ঠার জন্য যুদ্ধ করছে, আর অপর পক্ষ গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা প্রতিষ্ঠা কিংবা বহাল রাখার জন্য যুদ্ধ করছে সেক্ষেত্রে শরিয়ত আমাদের কুরআনের শাসন প্রতিষ্ঠার জন্য যারা লড়াই করছে তাদের পক্ষে যোগদানের জন্য সুস্পষ্ট নির্দেশ দিয়েছে, এ বিষয়ে হুযাইফা ও সালমান রাযিআল্লাহু আনহুমা, এবং কাবে আহবার রহিমাহুল্লাহু থেকে নিম্নে বর্ণিত আছারগুলো লক্ষ্য করুন,

»لَمَّا قَدِمَ حُذَيْفَةُ عَلَى جُوخَا أَتَى أَبَا مَسْعُودٍ يُسَلِّمُ عَلَيْهِ، فَقَالَ أَبُو مَسْعُودٍ: مَا شَأْنُ سَيْفِكَ هَذَا يَا أَبَا عَبْدِ اللهِ؟ قَالَ: أَمَّرَنِي عُثْمَان عَلَى جُوخَا، فَقَالَ: يَا أَبَا عَبْدِ اللهِ، أَتَخْشَى أَنْ تَكُونَ هَذِهِ فِتْنَةً، حِينَ طَرَدَ النَّاسُ سَعِيدَ بْنَ الْعَاصِ، قَالَ لَهُ حُذَيْفَةُ :أَمَا تَعْرِفُ دِينَك يَا أَبَا مَسْعُودٍ، قَالَ: بَلَى، قَالَ: فَإِنَّهَا لاَ تَضُرُّك الْفِتْنَةُ مَا عَرَفْتَ دِينَك، إنَّمَا الْفِتْنَةُ إذَا اشْتَبَهَ عَلَيْك الْحَقُّ وَالْبَاطِلُ فَلَمْ تَدْرِ أَيَّهُمَا تَتَّبِعُ، فَتِلْكَ الْفِتْنَةُ». أخرجه ابن أبي شيبة: 38447

হুযাইফা রাযি. যখন জুখার গভর্ণর হয়ে আসেন তখন আবু মাসউদ রাযি. তাকে সালাম জানানোর জন্য আসেন, আবু মাসউদ বলেন, হে আবু আব্দুল্লাহ আপনার সাথে তরবারী কেন? হুযাইফা রাযিআল্লাহু আনহু বলেন, উসমান রাযি. আমাকে জুখার গভর্ণর বানিয়েছেন। আবু মাসউদ রাযিআল্লাহু আনহু বললেন, এই যে লোকেরা (সাবেক গভর্ণর) সাইদ বিন আসকে তাড়িয়ে দিল এ কারণে কি আপনি কোন ফিতনা হওয়ার আশংকা করছেন? হুযাইফা রাযিআল্লাহু আনহু বললেন, হে আবু মাসউদ, আপনি কি আপনার দ্বীন সম্পর্কে অবগত নন? আবু মাসউদ বললেন, হাঁ, অবশ্যই। হুযাইফা রাযিআল্লাহু আনহু বললেন, যতদিন আপনি আপনার দ্বীনের ব্যাপারে অবগত থাকবেন, ততদিন ফিতনা আপনার কোন ক্ষতি করতে পারবে না। *ফিতনা তো হলো যখন হক-বাতিল অস্পষ্ট হয়ে যাওয়ার কারণে আপনি কি করবেন, কোন পক্ষে যাবেন তা নির্ধারণ করতে পারবেন না।* - মুসান্নাফে ইবনে আবী শাইবা, ৩৮৪৪৭ এ আছারটি হাফেয ইবনে হাযারও

ফাতহুল বারীতে সংক্ষিপ্তভাবে উল্লেখ করেছেন, দেখুন ফাতহুল বারী, ১৩/৪৯ দারুল ফিকর।

عَن طَارِقِ بْنِ شِهَابٍ، قَالَ: «قَالَ سَلْمَانُ لِزَيْدِ بْنِ صُوحَانَ: كَيْفَ أَنْتَ إِذَا اقْتَتَلَ الْقُرْآنُ وَالسُّلْطَانُ؟ قَالَ: إِذًا أَكُونُ مَعَ الْقُرْآنِ، قَالَ :نِعْمَ الزُّوَيْدُ: إِذًا أَنْتَ».

أخرجه ابن أبي شيبة: (30926)

তারেক বিন শিহাব বলেন, *সালমান রাযিআল্লাহু আনহু যায়েদ বিন সুহানকে জিজ্ঞেস করলেন, যখন কুরআনের অনুসারী ও শাসকের মধ্যে যুদ্ধ হবে তখন তুমি কি করবে, যায়েদ বললেন, আমি কুরআনের অনুসারীদের পক্ষ অবলম্বন করবো, সালমান রাযিআল্লাহু আনহু (খুশি হয়ে) বললেন, তাহলে তুমি কতই না উত্তম যায়েদ হবে।*-মুসান্নাফে ইবনে আবী শাইবা, ৩০৯২৬

عَن كَعْبٍ، قَالَ: «يَقْتَتِلُ الْقُرْآنُ وَالسُّلْطَانُ قَالَ: فَيَطَأُ السُّلْطَانُ عَلَى صِمَاخِ الْقُرْآنِ فَلَأْيًا بِلأْيٍ، وَلَأْيًا بِلأْيٍ، مَا تَنْفَلِتُنَّ مِنْهُ .«أخرجه ابن أبي شيبة: (30927) و أبو عبيد في فضائل القرآن: (132)

মুসান্নাফে ইবনে আবী শাইবার টিকায় শায়েখ আওয়ামা বলেন,

والمعنى - والله أعلم سيكون اقتتال بين أهل القرآن والسلطان، وتكون الغلبة لأهل القرآن، وتكون شدَّةً بشدةٍ، قلَّ ما تنفلتن وتنجون منها. (تعليق الشيخ عوامه على المصنف : 562/15 ط. دار القبلة)

উল্লিখিত আছরটির অর্থ হলো, অচিরেই কুরআনের অনুসারী ও বাদশার অনুসারীদের মধ্যে যুদ্ধ হবে, এবং কুরআনের অনুসারীদেরই বিজয় হবে। তবে যুদ্ধ হবে ঘোরতর, তোমাদের কম লোকই তার ভয়াবহতা থেকে মুক্তি পাবে। -মুসান্নাফে ইবনে আবী শাইবা, ১৫/৫৬২

বস্তুত, নামায কায়েম না করা এবং কুরআন-সুন্নাহর পরিবর্তে মানবরচিত আইন দ্বারা রাষ্ট্র পরিচালনা করা, শাসকের বিপক্ষে বিদ্রোহ ওয়াজিব হওয়ার স্বতন্ত্র ক্ষেত্র, চাই এসব কাজের কারণে শাসককে মুরতাদ বলা হোক বা না হোক, বরং অনেক আলেমগণ এসব ক্ষেত্রে শাসকের বিপক্ষে যুদ্ধ করে তাকে অপসারিত করা

উম্মতের ইজমায়ী সিদ্ধান্ত অনুযায়ী ওয়াজিব বলে দাবী করেছেন, এ বিষয়ে কুরআন-সুন্নাহ এবং আলেমদের বক্তব্য সহ বিস্তারিত ফতোয়া তৈরীর কাজ করছি, ভাইদের কাছে দোয়ার দরখাস্ত রইল, আল্লাহ তায়ালা যেন দ্রুততম সময়ে কাজটি সুসম্পন্ন করার তাওফিক দান করেন।

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১৩০৭৯

গুরাবা সম্পর্কে হাদীস জানতে চাই

musab bin sayf

Senior Member

০৪-২৬-২০১৯

আসসালামু আলাইকুম

মুহতারাম ভাইয়েরা আমার গুরাবা সম্পর্কে কিছু হাদীসের খুবই প্রয়োজন ভায়েরা একটু অনুগ্রহ করে গুরাবা এর হাদীসগুলো দিবেন ইনশাআল্লাহ ওমা তাওফিকি ইল্লা বিল্লাহ

আদনানমারুফ

Senior Member

০৪-২৬-২০১৯

গুরাবা বিষয়ক ইবনে রজন হাম্বলী (মৃ: ৭৯৫ হি.) রহিমাহুল্লাহুর **كشف الكربة في وصف أهل الغربة** নামে একটি কিতাব মাকতাবায়ে শামেলায় আছে, এই কিতাবের শুরুতে তিনি গুরাবা বিষয়ক হাদিসগুলো জমা করে দিয়েছেন, আমি তার থেকে নকল করে দিচ্ছি, তরজমার প্রয়োজন হলে বলবেন, করে দেওয়ার চেষ্টা করবো, ইনশাআল্লাহ।

خرج مسلم في " صحيحه " من حديث أبي هريرة ﷺ عن النبي صلى الله عليه وسلم قال: «بدأ الإسلام غريبًا وسيعود غريبًا كما بدأ، فطوبى للغرباء. «وخرجه الإمام أحمد و ابن ماجه من حديث ابن مسعود بزيادة في آخره وهي: «قيل: يا رسول الله! ومن الغرباء؟ قال: النزاع من القبائل. » وخرجه أبو بكر الآجري وعنده: «قيل: ومن هم يا رسول الله؟ قال: الذين يصلحون إذا فسد الناس. »

وخرجه غيره وعنده: «قال: الذين يفرون بدينهم من الفتن وخرجه الترمذي من حديث كثير بن عبد الله المزني عن أبيه عن جده عن النبي ﷺ: «إن الدين بدأ غريبًا، وسيرجع غريبًا، فطوبى للغرباء الذين يصلحون ما أفسد الناس من سنتي. «

وخرجه الطبراني من حديث جابر عن النبي ﷺ، وفي حديثه» :قيل: ومن هم يا رسول الله؟ قال: الذين يصلحون حين فساد الناس. «

وخرجه أيضًا من حديث سهل بن سعد بنحوه.

وخرجه الإمام أحمد من حديث سعد بن أبي وقاص عن النبي ﷺ وفي حديثه: «فطوبى يومئذ للغرباء إذا فسد الناس. «

وخرج الإمام أحمد والطبراني من حديث عبد الله بن عمرو عن النبي صلى الله عليه وسلم قال: «طوبى للغرباء، قلنا: ومن الغرباء؟ قال: قوم قليل في ناس سوء كثير، من يعصيهم أكثر ممن يطيعهم. «

وروي عن عبد الله بن عمرو مرفوعًا وموقوفًا في هذا الحديث: «قيل: ومن الغرباء؟ قال: الفرارون بدينهم يبعثهم الله تعالى مع عيسى ابن مريم عليه السلام. «. «

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১৩১৪৪

তায়েফা মানসুরা কারাঃ

[silahol hind](#)

Junior Member

০৩-২৯-২০১৯

তায়েফা মানসুরা কারাঃ জিহাদ করা ছাড়া কী তায়েফা মানসুরার অনর্ভূক্ত হওয়া যাবে?

মানহাজ, সংশয় নিরসন

কিছু দিন যাবৎ কয়েকটা আইডি থেকে জিহাদি তানজীম নাজায়েজ প্রমাণ করার অপপ্রয়াস চালানো হয়েছে। দুয়েকজন ব্যক্তির পদস্খলনসহ দুয়েকটি হাদিস ও আইম্মায়ে কেরামের কিছু বক্তব্যের ভুল ব্যাখ্যার মাধ্যমে এ অপপ্রয়াস চালানো হয়েছিল।

বিশেষ করে হযরত হুযাইফা রাদিয়াল্লাহু আনহুর হাদিস এবং হাফেয ইবনে হাজার রহ. এর বক্তব্যের ভুল ব্যাখার মাধ্যমে এ প্রয়াস চলেছিল। আলহামদু লিল্লাহ! আমরা হাদিসের সহীহ ব্যাখ্যা এবং হাফেয ইবনে হাজার রহ. এর বক্তব্যের প্রকৃত উদ্দেশ্য তুলে ধরেছি। জিহাদি তানজীম গঠন জায়েয, বরং আবশ্যক হওয়ার দলীল প্রমাণও তুলে ধরেছি। এরপর আশাকরি ভাইদের মাঝে কোন সন্দেহ থাকবে না। সংশয় সৃষ্টিকারীদের খণ্ডনকল্পে তাদের কাছে কিছু ইলজামি প্রশ্ন করা হয়েছিল। তারা সেগুলোর কোনটারই কোন সহীহ জওয়াব দিতে সমর্থ্য হয়নি। প্রশ্নগুলো মৌলিকভাবে এরকম ছিল:

ক. জিহাদের অসংখ্য আয়াত ও হাদিসের কি ব্যাখ্যা?

খ. উম্মাহর উপর কাফেরদের আগ্রাসন হলে জিহাদ ফরযে আইন- এর কি ব্যাখ্যা?

গ. শাসক মুরতাদ হয়ে গেলে তার বিরুদ্ধে জিহাদ ফরয- এর কি ব্যাখ্যা?

ঘ. তায়েফায়ে মানসূরার হাদিস; তথা যেসব হাদিসে এসেছে যে, একটা দল সব সময় হকের উপর প্রতিষ্ঠিত থেকে কিতাল করতে থাকবে- এগুলোর কি ব্যাখ্যা?

ঙ. খেলাফত না থাকার সময়ে যেসব জিহাদ হয়েছে – বিশেষত তাতারদের বিরুদ্ধে এবং সোভিয়েত ইউনিয়নের বিরুদ্ধে – সেগুলোর কি বিধান?

মৌলিকভাবে এ প্রশ্নগুলো তাদের করা হয়েছিল। কিন্তু তারা এর কোন জওয়াব দিতে পারেনি। অবশেষে মূল প্রসঙ্গ ছেড়ে অন্য একটি বিষয়ে সংশয় সৃষ্টির প্রয়াস চালিয়েছে। সেটা হল, তায়েফায়ে মানসূরার হাদিস। আমরা বলেছিলাম, তায়েফায়ে মানসূরা একটা দল সব সময় হকের উপর থেকে কিতাল করতে থাকবে। এটা দলীল যে, খেলাফত না থাকার সময়েও জিহাদি তানজীম গঠন করা যাবে। সংশয় সৃষ্টিকারীরা এতে আপত্তি জানিয়ে বিষয়টিকে ভিন্ন দিকে ঘুরানোর চেষ্টা করেছে। হাদিসে যদিও স্পষ্ট এসেছে যে, তায়েফায়ে মানসূরা যে দলটি হবে, সেটি একটি জিহাদি দল- এতদসত্ত্বেও তারা দাবি করছে, তায়েফায়ে মানুসূরা কোন জিহাদি দল নয়। বরং তায়েফায়ে মানসূরা হচ্ছে, আলেম উলামা। তারা এ দাবিটি অত্যন্ত দৃঢ়ভাবে করেছে এবং আমাদের উপর আপত্তি করেছে যে, আমরা সালাফের ব্যাখ্যা প্রত্যাখান করে নিজে থেকে মনমতো ব্যাখ্যা করছি। এখানে মনে রাখা প্রয়োজন যে, তানজীম বৈধ হওয়ার ব্যাপারে শুধু তায়েফায়ে মানসূরার হাদিসই দলীল নয়। এর পক্ষে অনেক দলীল প্রমাণ আছে, যেগুলো ফোরামে আলোচিত হয়েছে। এতএব, তায়েফায়ে মানসূরার হাদিস যদি বাদও দিই, তাহলেও আমাদের দাবিতে কোন ফারাক পড়ে না। তবে যেহেতু একটা ভুল ব্যাখ্যা হচ্ছে এবং বিষয়টি জিহাদের সাথে বিশেষভাবে সম্পৃক্ত, এ কারণে এর সহীহ ব্যাখ্যা তুলে ধরা প্রয়োজন মনে করছি। যাতে এ বিষয়ে কোন সন্দেহ অবশিষ্ট না থাকে। আল্লাহ তাআলার কাছে প্রার্থনা, যেন তিনি আমাকে প্রকৃত বাস্তবতা উন্মোচন করে সত্যটি ফুটিয়ে তোলার তাওফিক দান করেন।
তায়েফায়ে মানসূরা কারা?

তায়েফায়ে মানসূরার ব্যাপারে যেসব হাদিস এসেছে, সেগুলো অর্থগতভাবে মুতাওয়াতির। অর্থাৎ এ বিষয়ে বিভিন্ন সাহাবী থেকে – বলা হয় ২০ জন সাহাবী থেকে – এত অধিক পরিমাণ হাদিস বর্ণিত হয়েছে যে, এ ব্যাপারে আর কোন সন্দেহের অবকাশ থাকে না। নিশ্চিত বিশ্বাস জন্মে যে, হকের উপর প্রতিষ্ঠিত তায়েফায়ে মানসূরা একটা দল কেয়ামত অবধি দুনিয়াতে বিদ্যমান থাকবে।

জিহাদ ছাড়া কি তায়েফায়ে মানসূরার অন্তর্ভুক্ত হওয়া সম্ভব?

ভাইয়ের পেরেশানীর কারণ সম্ভবত এই যে, এ হাদিসে যিকিরকে জিহাদের চেয়ে উত্তম বলা হয়েছে, অথচ জিহাদের ফজিলত সীমাহীন। অধিকন্তু এ হাদিসকে কেন্দ্র করে যিকিরপন্থীরা জিহাদ তরকের বাহানা খোঁজবে। ইনশাআল্লাহ আমি হাদিসটির সহীহ ব্যাখ্যা তুলে ধরার চেষ্টা করবো। ওয়ামা তাওফিকি ইল্লা বিল্লাহ।

প্রথমে মনে রাখতে হবে, কোন আমলের ফজিলত বেশি হওয়ার অর্থ এই নয় যে, অন্য সকল ফরয-নফল বাদ দিয়ে এটাতেই লিপ্ত থাকতে হবে। এমনটা মনে করা সুস্পষ্টই গোমরাহি। যেমন ধরুন- নামাযের ফজিলত অনেক। কিন্তু এর অর্থ এই নয় যে, সারাক্ষণ শুধু নামাযেই ব্যস্ত থাকবে; হজ্ব করবে না, যাকাত দেবে না, পিতা-মাতা, সন্তান-সন্ততি ও আত্মীয়-স্বজনের খোঁজ-খবর নেবে না... ইত্যাদি। বরং যার উপর যে যে বিষয় ফরয তাকে তা আদায় করতে হবে। ফরয দায়িত্ব আদায়ের পর বা পাশাপাশি অন্যান্য আমল করতে কোন অসুবিধা নেই। যে যত আমল করবে তার তত প্রতিদান মিলবে।

জিহাদ ও যিকিরের ক্ষেত্রেও একই কথা। যিকিরের ফজিলত যদি জিহাদের চেয়ে বেশিও হয়ে থাক, তাহলে এর অর্থ এই নয় যে, ফরয জিহাদ ছেড়ে যিকিরে মশগুল থাকবে। এটা তখন ফরয নামায-রোযা-হজ্ব-যাকাত ছেড়ে যিকিরে মশগুল থাকার মতোই হবে। বরং যিকিরের ফজিলতের অর্থ: নামায-রোযা-হজ্ব-যাকাত-জিহাদ-কিতাল ইত্যাদি ফরয আদায়ের পাশাপাশি যিকিরেরও পাবন্দি করবে। ফরয ছেড়ে যে যিকিরে লিপ্ত থাকবে সে গোমরাহ হওয়ার ব্যাপারে আশাকরি কারো

দ্বিমত নেই। ফরয জিহাদ ছেড়ে খানকাহ ও যিকির মশগুল ব্যক্তির ক্ষেত্রেও একই কথা।

দ্বিতীয়ত: আমলের সওয়াব তার কষ্টের ভিত্তিতে নয়, আমলের মর্যাদা হিসেবে। যে আমলের মর্যাদা বেশি তার সওয়াবও বেশি- যদিও তা সহজ হয় আর অন্যগুলো কঠিন হয়। যেমন- ঈমান আনা অনেক সহজ কাজ। কিন্তু এর প্রতিদান অন্য সকল আমলের চেয়ে বেশি। নামায-রোযা-হজ্ব-যাকাত-জিহাদ-কিতাল ইত্যাদি সকল আমলের চেয়ে ঈমানের প্রতিদান বেশি, অথচ এসবগুলোর তুলনায় ঈমান সহজ। এ বিষয়টি ইজ্জুদ্দীন ইবনে আব্দুস সালাম রহ. পরিষ্কার আলোচনা করেছেন তার [ক্বাওয়ায়িদুল আহকাম ফি মাসালিহিল আনাম] কিতাবে। এক পর্যায়ে তিনি বলেন,

ومما يدل على أن الثواب لا يترتب على قدر النصب في جميع العبادات ... والحاصل بأن الثواب يترتب على تفاوت الرتب في الشرف. اهـ

"সকল ইবাদতে সওয়াবের পরিমাণ যে কষ্টের ভিত্তিতে নয় তার দলীল- এরপর তিনি উপরোক্ত হাদিসসহ যিকির সংক্রান্ত আরো হাদিস উল্লেখ করেন। তারপর বলেন- সারকথা: সওয়াব নির্ধারিত হয় আমলের মর্যাদার কম বেশ এর ভিত্তিতে।" (ক্বাওয়ায়িদুল আহকাম ফি মাসালিহিল আনাম: ১/৪৮)

অতএব, কোন আমলের মর্যাদা বেশি হলে তার সওয়াবও বেশি- যদিও তা অন্যান্য আমলের চেয়ে অনেক সহজ হয়। আর কোন আমলের মর্যাদা কম হলে তার সওয়াবও কম- যদিও তা অন্যান্য মর্যাদাবান আমলের চেয়ে কষ্টসাধ্য হয়।

এবার আমরা আলোচ্য হাদিসে আসি। এ হাদিসে আল্লাহ তাআলার যিকিরকে ইনফাক তথা যাকাত, দান-খায়রাতসহ অন্য সকল আর্থিক ইবাদাতের চেয়ে এবং জিহাদের চেয়ে উত্তম বলা হয়েছে। এখানে যিকির দ্বারা কি উদ্দেশ্য?

দু'টি উদ্দেশ্য নেয়া যায়:

১. কলবি যিকির। তথা সার্বক্ষণিক আল্লাহ তাআলার ইয়াদ ও নিয়তের পরিশুদ্ধি। যদি এমনটি উদ্দেশ্য হয়ে থাকে, তাহলে স্পষ্ট যে, পরিশুদ্ধ নিয়ত ছাড়া কোন আমলই সহীহ না। নামায, রোযা, হজ্ব, যাকাত, তিলাওয়াত, যিকির-আযকার,

জিহাদ-কিতাল ইত্যাদি কোন কিছুই পরিশুদ্ধ ও খালেছ নিয়ত ছাড়া সহীহ না। খালেছ নিয়ত ছাড়া সওয়াব পাওয়া যায় না। তদ্রূপ, আল্লাহ তাআলার ইয়াদ ছাড়া শুধু ভাসা ভাসা আমলের দ্বারাও তেমন সওয়াব পাওয়া যায় না। এ দৃষ্টিকোণ থেকে আল্লাহ তাআলার যিকির অন্য সকল আমল হতে উত্তম হওয়া স্বাভাবিক। এ কারণেই হাদিসে মু'মিনের নিয়তকে তার আমলের চেয়ে উত্তম বলা হয়েছে। কাযি ইবনুল আরাবী রহ. এমনটিই বলেছেন।

হাফেয ইবনে হাজার রহ. বলেন,

وأجاب القاضي أبو بكر بن العربي بأنه ما من عمل صالح الا والذكر مشترط في تصحيحه فمن لم يذكر الله بقلبه عند صدقته أو صيامه مثلا فليس عمله كاملا فصار الذكر أفضل الأعمال من هذه الحيثية ويشير إلى ذلك حديث نية المؤمن ابلغ من عمله اهـ

"কাযি আবু বকর ইবনুল আরাবী রহ. এ হাদিসের এই জওয়াব দিয়েছেন যে, প্রতিটি নেক কাজ সহীহ হওয়ার জন্য যিকির শর্ত। যে ব্যক্তি- উদাহরণস্বরূপ- তার সাদাকা বা তার রোযা আদায়ের সময় অন্তরে আল্লাহ তাআলাকে ইয়াদ না করবে, তার আমল কামেল নয়। এই দৃষ্টিকোণ থেকে যিকির (তথা আল্লাহ তাআলার ইয়াদ) সর্বোত্তম আমল। হাদিস: 'মু'মিনের নিয়ত তার আমল থেকে উত্তম'- এ দিকেই ঈঙ্গিত করে।" (ফাতহুল বারি: ১১/২১০)

উপরোক্ত ব্যাখ্যা অনুযায়ী নিছক মৌখিক যিকির জিহাদ ও অন্যান্য আমল থেকে উত্তম সাব্যস্ত হয় না। আর যিকির যদি বিদআতি যিকির হয, তাহলে তো উত্তম হওয়ার প্রশ্নই আসে না। হানাফি মাযহাবের প্রখ্যাত ইমাম ইবনুল মালাক রহ. (৮৫৪হি.) এ হাকিকতটিই তুলে ধরেছেন। তার যামানার জাহেল সুফিদের খণ্ডনকল্পে আলোচ্য হাদিসের ব্যাখ্যায় তিনি বলেন,

المراد من هذا: هو الذِّكر القلبي ... لا الذِّكر اللِّساني المشتمل على صياحٍ وانزجاعٍ، وشدةِ تحريكِ العنقِ واعوجاجٍ، كما يفعله بعض الناس زاعمين أن ذلك جالبٌ للحضور، وموجبٌ للسرور، حاشا لله، بل هو سبب للغَيبة والغرور . اهـ

“এখানে যিকির দ্বারা কলবি যিকির উদ্দেশ্য ... মৌখিক যিকির উদ্দেশ্য নয়, যে যিকিরে থাকে চিল্লা-ফাল্লা আর হৈ-হুল্লোর, জোরে জোরে ঘাড় নাড়ানো আর বক্র অঙ্গভঙ্গি। যেমনটা কতক লোক করে থাকে। মনে করে- এমন করলে আল্লাহ তাআলার নৈকট্য ও অন্তরের প্রশান্তি অর্জন হবে। আল্লাহর পানা। কিছুতেই না। এসব বরং আল্লাহ তাআলা থেকে দূরে সরা ও প্রবঞ্চনার কারণ।” (শরহু ইবনিল মালাক আলাল মাসাবিহ: ৩/৯২)

২. দ্বিতীয়ত যিকির দ্বারা যেকোন যিকির উদ্দেশ্য নয়, বরং কামেল যিকির উদ্দেশ্য। আর তা হবে আল্লাহ তাআলার আযমত ও ইস্তিহজার সহ যিকরে লিসানি তথা মৌখিক যিকির ও কলবি যিকিরের সমন্বিত যিকির। তাহলে এ যিকিরের জন্য কয়েকটি বিষয় জরুরী:

ক. অন্তরে আল্লাহ তাআলার আযমত ও বড়ত্বের অনভূতি।

খ. ইস্তিহজার তথা আল্লাহ তাআলাকে হাজির নাযির মনে করে, তিনি আমাকে দেখছেন আমি তার সামনে আছি- এমন অনুভূতি নিয়ে যিকির করা।

গ. যিকিরের মা’না-মাফহুম তথা অর্থ ও মর্ম বুঝে যিকির করা।

ঘ. যিকির মাসনুন যিকির হওয়া বা শরীয়তসম্মত অন্য কোন যিকির হওয়া।

এ গেল যিকিরের কথা। আর যেসব আমলের তুলনায় এ যিকিরকে উত্তম বলা হয়েছে সেগুলোর অবস্থা হল- সেগুলোতে যথাযথ আল্লাহর ইয়াদ নেই, ইস্তিহযার এবং আযমত ও বড়ত্বের উপলব্ধি নেই। শুধু ভাসা ভাসা আমল। এমন ধরণের আমলের তুলনায় পূর্বোল্লিখিত যিকিরকে উত্তম বলা হয়েছে। অতএব, যে ব্যক্তি জিহাদ করছে কিন্তু জিহাদরত অবস্থায় তার মুখে আল্লাহর যিকির নেই, অন্তরে আল্লাহর ইয়াদ ও আযমতের উপলব্ধি নেই- তার এ জিহাদের তুলনায় পূর্বোক্ত কামেল যিকিরের সওয়াব বেশি। যদিও তার জিহাদে কষ্ট হচ্ছে বেশি, কিন্তু যথাযথ লিসানি ও কলবি যিকিরের সমন্বয় না থাকার কারণে তার জিহাদের সওয়াব কমে গেছে। আর কমবেই বা না কেন, জিহাদরত অবস্থায় তো অন্তরে আল্লাহ তাআলাকে অধিক পরিমাণে ইয়াদ করার এবং যবান আল্লাহ তাআলার যিকিরে মশগুল রাখার আদেশ স্বয়ং আল্লাহ তাআলা দিয়েছেন।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا لَقِيتُمْ فِئَةً فَاثْبُتُوا وَاذْكُرُوا اللَّهَ كَثِيرًا لَعَلَّكُمْ تُفْلِحُونَ

"হে ঈমানদারগণ! যখন তোমরা কোন বাহিনির সাথে সংঘাতে লিপ্ত হও, তখন সুদৃঢ় থাক এবং আল্লাহ তাআলাকে অধিক পরিমাণে স্বরণ করতে থাক, যাতে তোমরা উদ্দেশ্যে কৃতকার্য হতে পার।" (আনফাল: ৪৫)

ইমাম জাসসাস রহ. বলেন,

وقوله تعالى} :واذكروا الله كثيرا} يحتمل وجهين: أحدهما: ذكر الله تعالى باللسان، والآخر: الذكر بالقلب، وذلك على وجهين: أحدهما: ذكر ثواب الصبر على الثبات لجهاد أعداء الله المشركين وذكر عقاب الفرار؛ والثاني: ذكر دلائله ونعمه على عباده وما يستحقه عليهم من القيام بفرضه في جهاد أعدائه. وضروب هذه الأذكار كلها تعين على الصبر والثبات ويستدعى بها النصر من الله والجرأة على العدو والاستهانة بهم. وجائز أن يكون المراد بالآية جميع الأذكار لشمول الاسم لجميعها. اهـ

"আল্লাহ তাআলার বাণী- 'এবং আল্লাহ তাআলাকে অধিক পরিমাণে স্বরণ করতে থাক' এর দুটি ব্যাখ্যা হতে পারে:

এক. মুখে আল্লাহ তাআলার যিকির করা।

দুই. অন্তরের যিকির।

অন্তরের যিকির আবার দুই ধরণের:

এক. আল্লাহর দুশমন মুশরিকদের বিরুদ্ধে জিহাদে সুদৃঢ় ও অটল-অবিচল থাকার সওয়াব এবং যুদ্ধ হতে পলায়নের শাস্তির কথা স্বরণ করা।

দুই. আল্লাহ তাআলার নিদর্শনাবলী, বান্দাদের উপর আল্লাহ তাআলার নেয়ামতরাজি এবং তার দুশমনদের বিরুদ্ধে জিহাদের যে ফরয দায়িত্ব তাদের উপর তার পাওনা রয়েছে- সেগুলো স্বরণ করা। এই সব ধরণের যিকির অটল অবিচল থাকতে সহায়ক হবে। আল্লাহ তাআলার নুসরত লাভ এবং শত্রুর উপর দুঃসাহসিকতা দেখানো ও তাদেরকে তুচ্ছ জ্ঞান করার মাধ্যম হবে। অধিকন্তু

আয়াতের দ্বারা সব ধরণের যিকিরই উদ্দেশ্য হতে পারে। কেননা, যিকির শব্দ সব ধরণের যিকিরকেই বুঝায়।" (আহকামুল কুরআন: ৩/৮৬)

পক্ষান্তরে যে ব্যক্তি ইখলাসের সাথে, যথাযথ কলবি ও লিসানি যিকির সহ, আল্লাহ তাআলার আযমত ও ইস্তিহজার সহ, সওয়াবের আশা ও শাস্তির ভয় নিয়ে আল্লাহ তাআলার দ্বীনের বিজয়ের উদ্দেশ্যে জিহাদ করবে- তার এ জিহাদের প্রতিদান উপরোক্ত কামেল যিকিরের চেয়েও বেশি। কেননা, এখানে দু'টি আমলের সমন্বয় ঘটেছে:

ক. কামেল যিকির।

খ. জিহাদ।

অতএব, এমন মুজাহিদের জিহাদের সওয়াব ঐসব ব্যক্তির কামেল যিকিরের চেয়ে বেশি, যারা বাড়িতে বা মসজিদে বসে, পূর্ণ ধ্যান খেয়ালে, পূর্ণ আযমত ও ইস্তিহজারের সাথে, অর্থ ও মর্ম বুঝে বুঝে মাসনুন ও শরীয়তসম্মত যিকিরে লিপ্ত আছে। কেননা, এসকল ব্যক্তির আমল হল একটা। তা হচ্ছে- শুধু যিকির। পক্ষান্তরে মুজাহিদের আমল দু'টি: ক. যিকির। খ. জিহাদ। কাজেই তার সওয়াব বেশি।

হাফেয ইবনে হাজার রহ. বলেন,

أشرت إليه مستشكلا في أوائل الجهاد مع ما ورد في فضل المجاهد انه كالصائم لا يفطر وكالقائم لا يفتر وغير ذلك مما يدل على افضليته على غيره من الأعمال الصالحة، وطريق الجمع والله اعلم ان المراد بذكر الله في حديث أبي الدرداء الذكر الكامل، وهو ما يجتمع فيه ذكر اللسان والقلب بالتفكر في المعنى واستحضار عظمة الله تعالى، وان الذي يحصل له ذلك يكون أفضل ممن يقاتل الكفار مثلا من غير استحضار لذلك، وان أفضلية الجهاد انما هي بالنسبة إلى ذكر اللسان المجرد، فمن اتفق له انه جمع ذلك كمن يذكر الله بلسانه وقلبه واستحضاره وكل ذلك حال صلاته أو في صيامه أو تصدقه أو قتاله الكفار مثلا فهو الذي بلغ الغاية القصوى. اهـ

“কিতাবুল জিহাদের শুরুতে এ হাদিসের দিকে ঈঙ্গিত করে এসেছি। মুজাহিদের যে ফজিলত বর্ণিত হয়েছে তার দাবি হল- জিহাদ অন্য সকল নেক কাজের চেয়ে উত্তম। যেমন- মুজাহিদ ঐ রোযাদারের মতো যে কখনোও রোযা ভাঙে না। ঐ ইবাদাত গুজারের মতো যে, কখনও বিরতি দেয় না। এছাড়াও অন্যান্য ফজিলত। এতদসত্ত্বেও এ হাদিসে যিকিরকে উত্তম বলাটা (বাহ্যত) মুশকিল মনে হয়। - ওয়াল্লাহু আ’লাম- উভয়ের সমন্বয় এভাবে হবে যে, আবুদ্দারদা রাদিয়াল্লাহু আনহুর হাদিসে আল্লাহ তাআলার যিকির দ্বারা কামেল যিকির উদ্দেশ্য। আর কামেল যিকির হল ঐ যিকির, যে যিকিরে মৌখিক যিকির এবং অর্থ ও মর্মে ফিকির করে করে আল্লাহ তাআলার আযমতের খেয়াল রেখে অন্তরের যিকির- উভয়টার সমন্বয় ঘটবে। যার মাঝে এমন যিকির পাওয়া যাবে সে ঐ ব্যক্তি থেকে উত্তম- উদাহরণত- যে ব্যক্তি এই অবস্থা ব্যতিরেকে কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ করে। আর (ইস্তিহজার বিহীন) জিহাদ উত্তম হল (ইস্তিহজার বিহীন) মৌখিক যিকিরের চেয়ে। অতএব, যে ব্যক্তি এ উভয়টির সমন্বয় ঘটাবে; যেমন- উদাহরণত- ঐ ব্যক্তি, যে তার নামাযে, তার রোযায়, তার সাদাকায় বা কাফেরের বিরুদ্ধে তার যুদ্ধের হালতে ইস্তিহজারের সাথে তার যবানে ও অন্তরে আল্লাহ তাআলার যিকির করবে- তাহলে সে-ই (ফজিলতের) চূড়ান্ত দরজায় উপনীত হতে সক্ষম হবে।” (ফাতহুল বারি: ১১/২১০)

সারকথা দাঁড়াল-

♣ ইস্তিহজারের সাথে কামেল যিকিরের সওয়াব, ইস্তিহজার বিহীন জিহাদ ও অন্যান্য আমলের চেয়ে বেশি।

♣ ইস্তিহজার বিহীন জিহাদের সওয়াব, ইস্তিহজার বিহীন যিকিরের চেয়ে বেশি।

♣ ইস্তিহজার বিশিষ্ট জিহাদ ও অন্যান্য আমলের সওয়াব, ইস্তিহজার বিশিষ্ট কামেল যিকিরের চেয়ে বেশি।

এ থেকে এই ফলাফল দাঁড়াচ্ছে যে, যেসকল মুজাহিদ পূর্ণ ইখলাস ও যিকিরের সাথে আল্লাহর রাস্তায় জিহাদরত আছেন তাদের জিহাদ, ঐসব শিরিক ও বিদআতমুক্ত মুখলিস অলী, দরবেশ ও পীর মাশায়েখদের যিকিরের চেয়ে উত্তম, যারা ইস্তিহজার ও আযমতের সাথে, অর্থ ও মর্ম খেয়াল করে করে যিকিরে লিপ্ত

আছেন। কেননা, তারা যে ধরণের যিকিরে লিপ্ত আছেন, মুজাহিদগণও এমনই- কিংবা তার চেয়ে উত্তম- যিকিরে লিপ্ত আছেন। অতিরিক্ত এই যে, মুজাহিদগণ আল্লাহর দ্বীনের জন্য নিজেদের জান-মাল ও সর্বস্ব ব্যয় করছেন আর তারা তা করছেন না। অতএব, যিকিরের দিক থেকে মুজাহিদগণ এবং মুখলিস ও শরীয়তের অনুগামী অলী দরবেশগণ সমানে সামান। আর মুজাহিদগণের শ্রেষ্টত্ব যে, তারা যিকিরের পাশাপাশি জিহাদেও লিপ্ত আছেন। অতএব, উক্ত হাদিস থেকে অলী দরবেশগণের উপর মুজাহিদগেণের শ্রেষ্ঠত্ব প্রমাণিত হয়।

বি.দ্র.

ভুলে গেলে চলবে না যে, জিহাদ বর্তমানে ফরযে আইন। যিকির করা ফরয নয়, মুস্তাহাব। যারা সামর্থ্য থাকা সত্ত্বেও জিহাদ ছেড়ে যিকিরে লিপ্ত আছেন, তারা- যদি সব ধরণের শিরিক বিদআত থেকে মুক্ত থাকেন- তাহলে অন্তত এতটুকু বলতে হবে যে, ফরযে আইন তরকের গুনাহে লিপ্ত আছেন। আর যেসব মুজাহিদ ইস্তিহজার ও কামেল যিকির ছাড়া শুধু জিহাদে লিপ্ত আছেন, তাদের ক্ষেত্রে এটা নিশ্চিত যে, তারা নফল যিকিরের ফজিলত না পেলেও অন্তত কোন ফরয তরকের গুনাহে লিপ্ত নন। অতএব, এ হিসাবে জিহাদে লিপ্ত যেকোন মুজাহিদ- যদি তিনি অন্যান্য গুনাহ থেকে বিরত থাকেন, জিহাদ তরককারী- যদিও অন্য সকল ফরয আদায়কারী হয়ে থাকেন- যেকোন যিকিরকারীর চেয়ে উত্তম। কেননা, যিকিরকারী ফরযে আইন তরকের গুনাহে লিপ্ত, আর মুজাহিদ নফলে লিপ্ত না থাকলেও কোন ফরয তরকের গুনাহে লিপ্ত নন। আর স্পষ্ট যে, আল্লাহর নাফরমানীতে লিপ্ত ব্যক্তি কিছুতেই ঐ ব্যক্তির মতো নয়, যে আল্লাহর সবগুলো ফরয আদায়ে লিপ্ত আছেন এবং কোন ধরণের নাফরমানীতে লিপ্ত নন।

যাহোক, সর্বদিক থেকে সকল মুজাহিদকে শ্রেষ্ঠ প্রমাণ করা আমার উদ্দেশ্য নয়। এর হিসাব নিকাশ আল্লাহ তাআলার দায়িত্বে। আমার উদ্দেশ্য এতটুকু দেখানো যে, উপরোক্ত হাদিস জিহাদ ছেড়ে ঘরে বা খানকায় বসে থাকার বৈধতা দেয় না, মুজাহিদদের উপর খানকাহবাসীদের শ্রেষ্ঠত্বও প্রমাণ করে না।

والله سبحانه وتعالى أعلم، وصلى الله تعالى على خير خلقه محمد وآله وصحبه أجمع

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১৩৫২৬

কা'ব ইবনে আশরাফের হত্যা

Abu Saffat

Junior Member

০৭-২৬-২০১৯

জাবির ইবনু 'আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিতঃ একদা রসূলুল্লাহ্ (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) বললেন, কা'ব ইবনু আশরাফের হত্যা করার জন্য কে প্রস্তুত আছ? কেননা সে আল্লাহ্ ও তাঁর রসূলকে কষ্ট দিয়েছে। মুহাম্মাদ ইবনু মাসলামাহ (রাঃ) দাঁড়ালেন, এবং বললেন, হে আল্লাহর রসূল! আপনি কি চান যে, আমি তাকে হত্যা করি? তিনি বললেন, হাঁ। তখন মুহাম্মাদ ইবনু মাসলামাহ (রাঃ) বললেন, তাহলে আমাকে কিছু প্রতারণাময় কথা বলার অনুমতি দিন। রসূলুল্লাহ্ (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) বললেন, হাঁ বল। এরপর মুহাম্মাদ ইবনু মাসলামাহ (রাঃ) কা'ব ইবনু আশরাফের নিকট গিয়ে বললেন, এ লোকটি [রসূলুল্লাহ্ (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম)] সদাকাহ চায় এবং সে আমাদেরকে বহু কষ্টে ফেলেছে। তাই আমি আপনার নিকট কিছু ঋণের জন্যে এসেছি। কা'ব ইবনু আশরাফ বলল, আল্লাহর কসম পরে সে তোমাদেরকে আরো বিরক্ত করবে এবং আরো অতিষ্ঠ করে তুলবে। মুহাম্মাদ ইবনু মাসলামাহ (রাঃ) বললেন, আমরা তাঁর অনুসরণ করছি। পরিণাম কী দাঁড়ায় তা না দেখে এখনই তাঁর সঙ্গ ত্যাগ করা ভাল মনে করছি না। এখন আমি আপনার কাছে এক ওসাক বা দুই ওসাক খাদ্য ধার চাই। বর্ণনাকারী সুফইয়ান বলেন, 'আমর (রহঃ) আমার নিকট হাদীসটি কয়েকবার বর্ণনা করেছেন। কিন্তু তিনি এক ওসাক বা দুই ওসাকের কথা উল্লেখ করেননি। আমি তাকে বললাম, এ হাদীসে তো এক ওসাক বা দুই ওসাকের কথাটি বর্ণিত আছে, তিনি বললেন, মনে হয় হাদীসে এক ওসাক বা দুই ওসাকের কথাটি বর্ণিত আছে। কা'ব ইবনু আশরাফ বলল, ধার তো পাবে তবে কিছু বন্ধক রাখ। মুহাম্মাদ ইবনু মাসলামাহ (রাঃ) বললেন, কী জিনিস আপনি বন্ধক চান। সে বলল, তোমাদের স্ত্রীদেরকে বন্ধক রাখ। মুহাম্মাদ ইবনু মাসলামাহ (রাঃ) বললেন, আপনি আরবের একজন সুশ্রী ব্যক্তি, আপনার নিকট কীভাবে, আমাদের স্ত্রীদের বন্ধক রাখব? তখন সে বলল, তাহলে তোমাদের ছেলে সন্তানদেরকে বন্ধক রাখ। তিনি বললেন, আমাদের পুত্র সন্তানদেরকে আপনার নিকট কী করে বন্ধক রাখি?

তাদেরকে এ বলে সমালোচনা করা হবে যে, মাত্র এক ওসাক বা দুই ওসাকের বিনিময়ে বন্ধক রাখা হয়েছে। এটা তো আমাদের জন্য খুব লজ্জাজনক বিষয়। তবে আমরা আপনার নিকট অস্ত্রশস্ত্র বন্ধক রাখতে পারি। রাবী সুফ্ইয়ান বলেন, লামা শব্দের মানে হচ্ছে অস্ত্রশস্ত্র। শেষে তিনি (মুহাম্মাদ ইবনু মাসলামাহ) তার কাছে আবার যাওয়ার ওয়াদা করে চলে আসলেন। এরপর তিনি কা'ব ইবনু আশরাফের দুধ ভাই আবূ নাইলাকে সঙ্গে করে রাতের বেলা তার নিকট গেলেন। কা'ব তাদেরকে দূর্গের মধ্যে ডেকে নীল এবং সে নিজে উপর তলা থেকে নিচে নেমে আসার জন্য প্রস্তুত হল। তখন তার স্ত্রী বলল, এ সময় তুমি কোথায় যাচ্ছ? সে বলল, এই তো মুহাম্মাদ ইবনু মাসলামাহ এবং আমার ভাই আবূ নাইলা এসেছে। 'আমর ব্যতীত বর্ণনাকারীগণ বলেন যে, কা'বের স্ত্রী বলল, আমি তো এমনই একটি ডাক শুনতে পাচ্ছি যার থেকে রক্তের ফোঁটা ঝরছে বলে আমার মনে হচ্ছে। কা'ব ইবনু আশরাফ বলল, মুহাম্মাদ ইবনু মাসলামাহ এবং দুধ ভাই আবূ নাইলা, (অপরিচিত কোন লোক তো নয়) ভদ্র মানুষকে রাতের বেলা বর্শা বিদ্ধ করার জন্য ডাকলে তার যাওয়া উচিত। (বর্ণনাকারী বলেন) মুহাম্মাদ ইবনু মাসলামাহ (রাঃ) সঙ্গে আরো দুই ব্যক্তিকে নিয়ে সেখানে গেলেন। সুফ্ইয়ানকে জিজ্ঞেস করা হয়েছিল যে, 'আমর কি তাদের দু'জনের নাম উল্লেখ করেছিলেন? উত্তরে সুফইয়ান বললেন, একজনের নাম উল্লেখ করেছিলেন। 'আমর বর্ণনা করেন যে, তিনি আরো দু'জন মানুষ সঙ্গে করে নিয়ে গিয়েছিলেন এবং বলেছিলেন, যখন সে (কা'ব ইবনু আশরাফ) আসবে। 'আমর ব্যতীত অন্যান্য রাবীগণ (মুহাম্মাদ ইবনু মাসলামার সাথীদের সম্পর্কে) বলেছেন যে (তারা হলেন) আবূ আবস ইবনু জাব্র ইবনু আওস এবং আব্বাদ ইবনু বিশর। 'আমর বলেছেন, তিনি অপর দুই লোককে সঙ্গে করে নিয়ে এসেছিলেন এবং তাদেরকে বলেছিলেন, যখন সে আসবে তখন আমি তার মাথার চুল ধরে শুঁকতে থাকব। যখন তোমরা আমাকে দেখবে যে, খুব শক্তভাবে আমি তার মাথা আঁকড়িয়ে ধরেছি, তখন তোমরা তরবারি দ্বারা তাকে আঘাত করবে। তিনি (মুহাম্মাদ ইবনু মাসলামাহ) একবার বলেছিলেন যে, আমি তোমাদেরকেও শুঁকাব। সে (কা'ব) চাদর নিয়ে নিচে নেমে আসলে তার শরীর থেকে সুঘ্রাণ বের হচ্ছিল। তখন মুহাম্মাদ ইবনু মাসলামাহ (রাঃ) বললেন, আজকের মত এতো উত্তম সুগন্ধি আমি আর কখনো দেখিনি। 'আমর ব্যতীত অন্যান্য রাবীগণ বর্ণনা করেছেন যে, কা'ব বলল, আমার নিকট আরবের সম্ভ্রান্ত

ও মর্যাদাসম্পন্ন সুগন্ধী ব্যাবহারকারী মহিলা আছে। ‘আমর বলেন, মুহাম্মাদ ইবনু মাসলামাহ (রাঃ) বললেন, আমাকে আপনার মাথা শুঁকতে অনুমতি দেবেন কি? সে বলল, হাঁ। এরপর তিনি তার মাথা শুঁকলেন এবং এরপর তার সাথীদেরকে শুঁকালেন। তারপর তিনি আবার বললেন, আমাকে আবার শুঁকবার অনুমতি দেবেন কি? সে বলল, হাঁ। এরপর তিনি তাকে কাবু করে ধরে সাথীদেরকে বললেন, তোমরা তাকে হত্যা কর। তাঁরা তাকে হত্যা করলেন। এরপর নবী (সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম)-এর নিকটে এসে এ খবর দিলেন। (; মুসলিম ৩২/৪৩, হাঃ ১৮০১] সহিহ বুখারী, হাদিস নং ৪০৩৭

কে আছে এমন যে বর্তমান জমানার কা'বদের হত্যা করবে?

¿?¿???????????

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১৩৭৮০

যিলহজ্ব : নেক আমলে অগ্রগামী হওয়ার মাস

abudujanah

Senior Member

০৮-০২-২০১৯

আল্লাহ তাআলা নিজ অনুগ্রহে বান্দাদেরকে ফযিলতপূর্ণ বিভিন্ন দিবস ও রজনী দান করেছেন। বছরের কোনো কোনো মাসকে, কোনো কোনো দিন বা রাতকে ফযিলতপূর্ণ ও বৈশিষ্ট্যমন্ডিত করেছেন। যাতে এগুলোকে কাজে লাগিয়ে বান্দা ক্ষমা লাভ করতে পারে, নেক আমলে সমৃদ্ধ হতে পারে এবং আল্লাহর প্রিয় হতে পারে। এর মধ্যে অন্যতম একটি হল যিলহজ্ব মাস।

এ মাসের প্রথম দশককে আল্লাহ তাআলা বৈশিষ্ট্যমন্ডিত করেছেন। এ দিনগুলোতেই হজ্বের মৌলিক আমল সম্পাদিত হয়। ১০ই যিলহজ্ব সারা বিশ্বের মুসলিমগণ কুরবানী করেন। এ দিনগুলোর নেক আমল আল্লাহ তাআলার নিকট অধিক প্রিয়। হাদীসে আসেছে,

مَا مِنْ أَيّامٍ الْعَمَلُ الصّالِحُ فِيهَا أَحَبّ إِلَى اللهِ مِنْ هَذِهِ الْأَيّامِ يَعْنِي أَيّامَ الْعَشْرِ، قَالُوا: يَا رَسُولَ اللهِ، وَلَا الْجِهَادُ فِي سَبِيلِ اللهِ؟ قَالَ: وَلَا الْجِهَادُ فِي سَبِيلِ اللهِ، إِلّا رَجُلٌ خَرَجَ بِنَفْسِهِ وَمَالِهِ، فَلَمْ يَرْجِعْ مِنْ ذَلِكَ بِشَيْءٍ.

আল্লাহর নিকট যিলহজ্বের দশ দিনের নেক আমলের চেয়ে অধিক প্রিয় অন্য কোনো দিনের আমল নেই। সাহাবায়ে কেরাম আরজ করলেন, ইয়া রাসূলাল্লাহ! আল্লাহর রাস্তায় জিহাদও (এর চেয়ে উত্তম) নয়? তিনি বললেন, না, আল্লাহর রাস্তায় জিহাদও নয়। তবে হ্যাঁ, সেই ব্যক্তির জিহাদ এর চেয়ে উত্তম, যে নিজের জান-মাল নিয়ে আল্লাহর রাস্তায় জিহাদের জন্য বের হয়েছে। অতপর কোনো কিছু নিয়ে ঘরে ফিরে আসেনি। -সুনানে আবু দাউদ, হাদীস ২৪৩৮; সহীহ বুখারী, হাদীস ৯৬৯; জামে তিরমিযী, হাদীস ৭৫৭; সুনানে ইবনে মাজাহ, হাদীস ১৭২৭; মুসনাদে আহমদ, হাদীস ১৯৬৮

যিলহজ্বের ১ম দশ দিন

যিলহজ্ব মাস আশহুরে হুরুম তথা সম্মানিত চার মাসের মধ্যে অন্যতম। আবার এ মাসের প্রথম দশক এতটাই ফযিলতপূর্ণ ও মহিমান্বিত যে, আল্লাহ তাআলা এ দশ রাতের কসম করেছেন। ইরশাদ হয়েছে-

وَالْفَجْرِ، وَلَيَالٍ عَشْرٍ.

শপথ ফযরের, শপথ দশ রাত্রির। -সূরা ফাজর (৮৯) : ১-২

হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস রা. ও মুজাহিদ রাহ.-সহ অনেক সাহাবী, তাবেঈ ও মুফাসসিরগণ বলেন, এখানে 'দশ রাত্রি' দ্বারা যিলহজ্বের প্রথম দশ রাতকেই বুঝানো হয়েছে। -তাফসীরে ইবনে কাসীর ৪/৫৩৫

অন্য এক হাদিসে এ দশককে 'দুনিয়ার শ্রেষ্ঠ দিন' বলা হয়েছে। হযরত জাবির রা. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন-

أَفْضَلُ أَيَّامِ الدّنْيَا أَيّامُ الْعَشْرِ، عَشْرِ ذِي الْحِجّةِ، قَالَ: وَلَا مِثْلُهُنّ فِي سَبِيلِ اللهِ؟ قَالَ: لَا مِثْلُهُنّ فِي سَبِيلِ اللهِ، إِلّا رَجُلٌ عَفّرَوَجْهَهُ فِي التّرَابِ.

দুনিয়ার শ্রেষ্ঠ দিনগুলো হল, যিলহজ্বের দশদিন। জিজ্ঞাসা করা হল, আল্লাহর রাস্তায়ও কি তার সমতুল্য নেই? তিনি বললেন, আল্লাহর রাস্তায়ও তার সমতুল্য নেই। তবে ওই ব্যক্তি, যার চেহারা ধূলিযুক্ত হয়েছে। অর্থাৎ শাহাদাত লাভ করেছে। -মুসনাদে বাযযার, হাদীস ১১২৮; মুসনাদে আবু ইয়ালা, হাদীস ২০১০; মাজমাউল যাওয়াইদ ৪/৮; **(قال الهيثمي : إسناده حسن ورجاله ثقات)** গুনাহের মাধ্যমে এ মাসের সম্মান নষ্ট না করি মুমিন তো আল্লাহর দেওয়া বিভিন্ন সুযোগকে গনীমত মনে করে কাজে লাগায়। এসকল ফযিলতপূর্ণ মওসুমে নেক আমলের মাধ্যমে সমৃদ্ধ করে তার আমলনামা। কিন্তু কখনো কখনো কারো দ্বারা এমন হয়ে যেতে পারে যে, নেক আমলের তো তাওফীক হল না; কিন্তু গুনাহের কালিমায় কলুষিত হল আমলনামা। এমনটি কখনোই কাম্য নয়। এক কবি বড় সুন্দর বলেছেন-

قوت نیکی نداری بد مکن

নেক আমল করতে যদি নাও পার, গুনাহে লিপ্ত হয়ো না।

নেক আমল যতটুকু করতে পারি-না পারি; গুনাহের মাধ্যমে যেন এ সম্মানিত দিনগুলোর অসম্মান না করি। এর মাধ্যমে তো আমি নিজেকেই অসম্মানিত করছি।

ইবনে রজব হাম্বলী রাহ. লাতাইফুল মাআরিফে যিলহজ্বের আলোচনায় বলেন-

احذروا المعاصي فإنها تحرم المغفرة في مواسم الرحمة.

রহমতের মওসুমসমূহে গুনাহ থেকে বেঁচে থাকো। কেননা তা ক্ষমা থেকে বঞ্চিত করে। -লাতায়েফুল মাআরেফ, পৃ. ৩৭৯

আর যে আয়াতে আল্লাহ তাআলা চারটি মাসকে সম্মানিত ঘোষণা করেছেন সে আয়াতের শেষে আল্লাহ তাআলা ইরশাদ করেন-

فَلَا تَظْلِمُوْا فِيْهِنَّ اَنْفُسَكُمْ

(...তন্মধ্যে চারটি মাস সম্মানিত) ...সুতরাং এ মাসসমূহে তোমরা নিজেদের প্রতি যুলুম করো না। -সূরা তাওবা (৯): ৩৬

আল্লাহর নাফরমানী করা নিজের উপর সবচেয়ে বড় যুলুম। কারণ, এর ক্ষতি তো নিজের উপরই আপতিত হবে। সুতরাং গুনাহ থেকে বেঁচে থাকা এ মাসের প্রথম কাজ, সাথে সাথে নেক আমলের প্রতিও যত্নবান হওয়া জরুরি।

নেক আমলের মাধ্যমে এ দশকের হক আদায় করি হাদীস শরীফে নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে এ দশকের হক আদায়ের পথ ও পদ্ধতি শিখিয়েছেন। তিনি আমাদেরকে বিভিন্ন আমল বলে দিয়েছেন। ফযিলত বলার মাধ্যমে আমলগুলোর উৎসাহিত করেছেন। সুতরাং হাদীস শরীফে বর্ণিত আমলের মাধ্যমেই আমরা এ দশকের হক আদায় করতে পারি। এ দশকের কয়েকটি আমল;

১। যিকির-তাসবীহ

যিকির আল্লাহ তাআলার কাছে অনেক প্রিয় আমল। এ দশকের আমল হিসেবে বিশেষভাবে যিকিরের কথা এসেছে। হযরত আব্দুল্লাহ ইবনে ওমর রা. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন-

مَا مِنْ أَيَّامٍ أَعْظَمُ عِنْدَ اللهِ وَلَا أَحَبّ إِلَيْهِ الْعَمَلُ فِيهِنّ مِنْ هَذِهِ الْأَيَّامِ الْعَشْرِ، فَأَكْثِرُوا فِيهِنّ مِنَ التّهْلِيلِ وَالتّكْبِيرِ وَالتّحْمِيدِ.

আল্লাহ তাআলার নিকট আশারায়ে যিলহজ্বের আমলের চেয়ে অধিক মহৎ এবং অধিক প্রিয় অন্য কোনো দিনের আমল নেই। সুতরাং তোমরা এই দিনগুলোতে বেশি বেশি লা-ইলাহা ইল্লাল্লাহ, আল্লাহু আকবার এবং আলহামদু লিল্লাহ পড়। -মুসনাদে আহমাদ, হাদীস ৫৪৪৬; আদদাআওয়াতুল কাবীর, তবারানী, হাদীস ৫৩৪

২। নখ-চুল না কাটা

ইহরাম করার পর হাজ্বী সাহেবদের জন্য নখ-চুল কাটাসহ আরো কিছু বিষয় নিষেধ। কিন্তু যারা হজ্বে যাননি তাদের জন্য এ নিষেধাজ্ঞা নেই। তবে যিলহজ্বের প্রথম দশকে নখ-চুল না কাটার মাধ্যমে অন্যরাও সাদৃশ্য অবলম্বন করতে পারে হাজ্বী সাহেবদের সাথে এবং লাভ করতে পারে বিশেষ ফযীলত। হাদীস শরীফে এ আমলের ফযীলত বর্ণিত হয়েছে-

عَنْ أُمِّ سَلَمَةَ، أَنّ النّبِيّ صَلّى اللهُ عَلَيْهِ وَسَلّمَ قَالَ :إِذَا رَأَيْتُمْ هِلَالَ ذِي الْحِجّةِ، وَأَرَادَ أَحَدُكُمْ أَنْ يُضَحّيَ، فَلْيُمْسِكْ عَنْ شَعْرِهِ وَأَظْفَارِهِ.

উম্মে সালামা রা. থেকে বর্ণিত, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যখন যিলহজ্বের দশক শুরু হবে তখন তোমাদের মধ্যে যে কুরবানী করবে সে যেন তার চুল নখ না কাটে। -সহীহ মুসলিম, হাদীস ১৯৭৭; জামে তিরমিযী, হাদীস ১৫২৩

এই হাদীসের উপর ভিত্তি করে ফকীহগণ কুরবানীকারীর জন্য নখ-চুল না কাটাকে মুস্তাহাব বলেছেন। তাই যিলকদ মাসেই চুল-নখ কেটে যিলহজ্বের জন্য প্রস্তুতি গ্রহণ করা চাই। যাতে তা বেশি লম্বা হয়ে না যায়, যা সুন্নতের খেলাফ।

আর যে ব্যক্তি কুরবানী করবে না তার জন্য এ হুকুম প্রযোজ্য কি না- এ ব্যাপারে কেউ কেউ বলেছেন, এ হুকুম কেবলমাত্র কুরবানীকারীদের জন্য প্রযোজ্য। তাদের দলীল পূর্বোক্ত হাদীস। আর কেউ কেউ বলেন, কুরবানী যারা করবে না তাদের জন্যও এ আমল রয়েছে। আব্দুল্লাহ বিন আমর ইবনুল আস রা. থেকে বর্ণিত-

أَنّ رَسُولَ اللهِ صَلّى اللهُ عَلَيْهِ وَسَلّمَ قَالَ لِرَجُلٍ :أُمِرْتُ بِيَوْمِ الْأَضْحَى عِيدًا جَعَلَهُ اللهُ عَزّوَجَلّ لِهَذِهِ الْأُمّةِ، فَقَالَ الرّجُلُ: أَرَأَيْتَ إِنْ لَمْ أَجِدْ إِلّا مَنِيحَةً أُنْثَى أَفَأُضَحّي

بِهَا؟ قَالَ: لَا، وَلَكِنْ تَأْخُذُ مِنْ شَعْرِكَ، وَتُقَلِّمُ أَظْفَارَكَ، وَتَقُصّ شَارِبَكَ، وَتَحْلِقُ عَانَتَكَ، فَذَلِكَ تَمَامُ أُضْحِيَّتِكَ عِنْدَ اللهِ عَزّوَجَلّ.

নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আমাকে কুরবানীর দিবসে ঈদ (পালনের) আদেশ করা হয়েছে, যা আল্লাহ এ উম্মতের জন্য নির্ধারণ করেছেন। এক সাহাবী আরজ করলেন, ইয়া রাসূলাল্লাহ! যদি আমার কাছে শুধু একটি মানীহা থাকে (অর্থাৎ অন্যের থেকে নেওয়া দুগ্ধ দানকারী উটনী) আমি কি তা কুরবানী করব? নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, না, তবে তুমি চুল, নখ ও মোঁচ কাটবে এবং নাভীর নিচের পশম পরিষ্কার করবে। এটাই আল্লাহর দরবারে তোমার পূর্ণ কুরবানী বলে গণ্য হবে। -সুনানে আবু দাউদ, হাদীস ২৭৮৯; সুনানে নাসায়ী, হাদীস ৪৩৬৫

এই হাদীসে যেহেতু কুরবানীর দিন চুল-নখ কাটার কথা আছে তাহলে এর আগে না কাটার দিকে ইঙ্গিত বুঝা যায়।

হযরত ওলীদ বিন মুসলিম বলেন, আমি মুহাম্মাদ বিন আজলানকে যিলহজ্বের দশকে চুল কাটা সম্পর্কে জিজ্ঞাসা করলাম। তখন তিনি বললেন, আমাকে নাফে রাহ. বলেছেন-

أَنّ ابْنَ عُمَرَ، مَرّ بِامْرَأَةٍ تَأْخُذُ مِنْ شَعْرِ ابْنِهَا فِي أَيّامِ الْعَشْرِ فَقَالَ: لَوْ أَخّرْتِيهِ إِلَى يَوْمِ النّحْرِ كَانَ أَحْسَنَ.

আব্দুল্লাহ ইবনে ওমর রা. এক নারীর নিকট দিয়ে অতিক্রম করছিলেন। মহিলাটি যিলহজ্বের দশকের ভেতর তার সন্তানের চুল কেটে দিচ্ছিল। তখন তিনি বললেন, যদি ঈদের দিন পর্যন্ত অপেক্ষা করতে তবে বড় ভাল হত। -মুস্তাদরাকে হাকেম, হাদীস ৭৫২০

৩। প্রথম নয় দিন রোযা রাখা: অধিকাংশ ফকীহগণ এই নয় দিন রোযা রাখা উত্তম বলেছেন। কারো পক্ষে সম্ভব হলে সে পুরো নয় দিনই রোযা রাখল। কারণ, যিলহজ্বের পুরো দশকের আমলই আল্লাহর কাছে প্রিয়। এ দশককে আমলে প্রাণবন্ত রাখার জন্য রোযার বিকল্প কোনো আমল নেই। কারণ, রোযা আল্লাহর

কাছে অত্যধিক প্রিয় আমল। সুতরাং আমাদের যাদের জন্য সম্ভব যিলহজ্বের প্রথম দশক তথা নয় যিলহজ্ব পর্যন্ত রোযা রাখতে চেষ্টা করি। হাদীস শরীফে এসেছে-

كَانَ رَسُولُ اللهِ صَلّى اللهُ عَلَيْهِ وَسَلّمَ يَصُومُ تِسْعَ ذِي الْحِجّةِ.

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম যিলহজ্বের নয়টি দিবস রোযা রাখতেন। -সুনানে আবু দাউদ, হাদীস ২৪৩৭; মুসনাদে আহমাদ, হাদীস ২২৩৩৪; সুনানে কুবরা, বায়হাকী, হাদীস ৮৩৯৩

হযরত হাফসা রা. থেকে বর্ণিত আরেকটি বর্ণনায় এসেছে, তিনি বলেন-

أَرْبَعٌ لَمْ يَكُنْ يَدَعُهُنّ النّبِيّ صَلّى اللهُ عَلَيْهِ وَسَلّمَ :صِيَامَ عَاشُورَاءَ، وَالْعَشْرَ، وَثَلَاثَةَ أَيّامٍ مِنْ كُلِّ شَهْرٍ، وَرَكْعَتَيْنِ قَبْلَ الْغَدَاةِ.

চারটি আমল নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কখনো ছাড়তেন না। আশুরার রোযা, যিলহজ্বের প্রথম দশকের রোযা, প্রত্যেক মাসের তিন দিনের রোযা, ফজরের আগে দুই রাকাত সুন্নত নামায। -সুনানে নাসায়ী, হাদীস ২৪১৫; সহীহ ইবনে হিব্বান, হাদীস ৬৪২২; মুসনাদে আবু ইয়ালা, হাদীস ৭০৪২; মুসনাদে আহমাদ, হাদীস ২৬৩৩৯

বিশেষ ভাবে ৯ই যিলহজ্ব রোযা রাখা

কারো পক্ষে যদি পুরো নয় দিনই রোযা রাখা সম্ভব হয় তাহলে তো সোনায় সোহাগা। কিন্তু পুরো নয় দিন যদি সম্ভব না হয়, নয় যিলহজ্বের রোযার ফযীলত থেকে যেন কেউ বঞ্চিত না হয়। কারণ, এ দিনের রোযার ফযীলত সম্পর্কে আবু কাতাদা রা. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন-

صِيَامُ يَوْمِ عَرَفَةَ، أَحْتَسِبُ عَلَى اللهِ أَنْ يُكَفِّرَ السّنَةَ الّتِي قَبْلَهُ، وَالسّنَةَ الّتِي بَعْدَهُ.

আরাফার দিনের (নয় যিলহজ্বের) রোযার বিষয়ে আমি আল্লাহর কাছে প্রত্যাশা করি যে, (এর দ্বারা) আগের এক বছরের এবং পরের এক বছরের গুনাহসমূহ ক্ষমা করে দিবেন। -সহীহ মুসলিম, হাদীস ১১৬২

প্রকাশ থাকে যে, উক্ত হাদীসে বর্ণিত ইয়াওমে আরাফা দ্বারা যিলহজ্বের নয় তারিখ উদ্দেশ্য। এই তারিখের পারিভাষিক নাম হচ্ছে ইয়াওমে আরাফা। কেননা এই রোযা আরাফার ময়দানের আমল নয় বরং আরাফার দিন তো হাজ্বীদের জন্য রোযা না রাখাই মুস্তাহাব। হাদীস শরীফে এসেছে-

عَنْ أُمِّ الْفَضْلِ بِنْتِ الْحَارِثِ،أَنّ نَاسًا تَمَارَوْا عِنْدَهَا يَوْمَ عَرَفَةَ، فِي صِيَامِ رَسُولِ اللهِ صَلّى اللهُ عَلَيْهِ وَسَلّمَ، فَقَالَ بَعْضُهُمْ: هُوَ صَائِمٌ، وَقَالَ بَعْضُهُمْ: لَيْسَ بِصَائِمٍ، فَأَرْسَلْتُ إِلَيْهِ بِقَدَحِ لَبَنٍ، وَهُوَ وَ اقِفٌ عَلَى بَعِيرِهِ بِعَرَفَةَ، فَشَرِبَهُ.

উম্মুল ফযল বিনতে হারেছ বলেন, তার নিকট কতক লোক ইয়াওমে আরাফায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের রোযার ব্যাপারে সন্দেহ পোষণ করছিল। কেউ কেউ বলছিল, তিনি রোযা আছেন। আর কেউ কেউ বলছিল, তিনি রোযা নেই। উম্মুল ফযল একটি পেয়ালাতে দুধ পাঠালেন। নবীজী তখন উটের উপর ছিলেন। তিনি দুধ পান করলেন। -সহীহ মুসলিম, হাদীস ১১২৩

আরাফার দিন আল্লাহর রাসূল রোযা রাখেননি। একারণে ফকীহগণ হাজ্বীদের জন্য আরাফার দিন রোযা না রাখা উত্তম বলেছেন। আবু কাতাদা রা.-এর হাদীস দ্বারা ইয়াওমে আরাফায় রোযা রাখা মুস্তাহাব প্রমাণিত হয়। সুতরাং বুঝা গেল, আবু কাতাদাহ রা.-এর হাদীসে 'ইয়াওমে আরাফা' দ্বারা নয় যিলহজ্ব অর্থাৎ ঈদের আগের দিনই উদ্দেশ্য। সুতরাং আমাদের দেশের চাঁদের হিসেবে যেদিন নয় তারিখ হয় সেদিনই রোযা রাখা হবে। সৌদির হিসাবে আরাফার দিন অনুযায়ী নয়। উল্লেখ্য, তাকবীরে তাশরীক সংক্রান্ত হাদীসেও ইয়াওমে আরাফা দ্বারা নয় যিলহজ্বই উদ্দেশ্য। কেননা এ আমলও আরাফার সাথে নির্দিষ্ট কোনো আমল নয়। এ বিষয়ে বিস্তারিত জানার জন্য দেখুন, মাসিক আলকাউসার, জানুয়ারি ২০১৩ ঈ. (দুটি প্রশ্ন ও তার উত্তর : ইয়াওমে আরাফার রোযা ও কুরবানীর সাথে আকীকা)

আল্লাহ তাআলা আমাদের সবাইকে আমল করার তাওফিক দান করুন। আমীন

সূত্র, মাসিক আল কাউসার (সংক্ষিপ্ত ও পরিমার্জিত)

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১৩৮৪১

দাজ্জালের ফিতনা হতে মুক্তির জন্য সহিহ হাদিসে বর্ণিত কয়েকটি আমল

আদনানমারুফ

Senior Member

১০-০৬-২০১৯

আল্লাহ তায়ালা পৃথিবীতে ঈমানদারদের বিভিন্নভাবে পরীক্ষা করেন, যেন এটা স্পষ্ট হয়ে যায় যে, কে শত বিপদেও ঈমান ও ঈমানের দাবীতে অটল থাকে আর কে বিপদ-আপদের সময় ঈমান হারিয়ে ফেলে, ঈমানের দাবী থেকে সরে যায়। যদি এ পরীক্ষা না হতো তাহলে সবাই নিজেকে পাক্কা ঈমানদার বলে দাবী করতো, যারা ঈমানের দাবীতে মিথ্যাবাদী তারাও আখেরাতে প্রকৃত ঈমানদারদের সমমর্যাদা লাভ করতো, কেননা যদিও আল্লাহ তায়ালা জানেন, কে দুনিয়াতে ঈমানের পরীক্ষাতে অটল থাকতে পারবে আর কে পদস্খলিত হবে, কিন্তু আল্লাহ তায়ালা আখেরাতে মানুষের বাহ্যিক আমল অনুযায়ীই ফায়সালা করবেন, নিজের ইলম অনুযায়ী নয়, আল্লাহ তায়ালা বলেন,

أَحَسِبَ النَّاسُ أَنْ يُتْرَكُوا أَنْ يَقُولُوا آمَنَّا وَهُمْ لَا يُفْتَنُونَ (2) وَلَقَدْ فَتَنَّا الَّذِينَ مِنْ قَبْلِهِمْ فَلَيَعْلَمَنَّ اللَّهُ الَّذِينَ صَدَقُوا وَلَيَعْلَمَنَّ الْكَاذِبِينَ. سورة العنكبوت: 1 – 3

মানুষ কি ধারণা করেছে যে তারা (শুধু মুখে) বলবে, আমরা ঈমান এনেছি আর (এতেই তাদের ছেড়ে দেওয়া হবে) পরীক্ষা করা হবে না। আমি তো তাদের পূর্ববর্তীদের পরীক্ষা করেছি। (সুতরাং তাদেরকেও পরীক্ষা করবো) এবং আল্লাহ জেনে নিবেন কারা (ঈমানের দাবীতে) সত্যবাদী এবং জেনে নিবেন কারা (তাতে) মিথ্যাবাদী। -সূরা আনকাবুত, ১-৩

আসলে এ ঈমানী পরীক্ষার জন্যই আল্লাহ তায়ালা মুমিনদের উপর জিহাদ ফরয করেছেন। তো পৃথিবীতে ঈমানদারদের জন্য সবচেয়ে বড় পরীক্ষা হলো দাজ্জালের ফিতনা। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

إنه لم تكن فتنة في الأرض منذ ذرأ الله ذرية آدم، أعظم من فتنة الدجال، وإن الله لم يبعث نبيا إلا حذر أمته الدجال. سنن ابن ماجه: (4077) قال الإمام

الكشميري في فيض الباري (4 : 406 ط. دار الكتب العلمية 1426 هـ: (وإسناده قوي.(

বনু আদমের সৃষ্টির পর দাজ্জালের ফিতনার চেয়ে ভয়াবহ ও বিপদজনক কোন ফিতনা এ পৃথিবীতে আসবে না। আল্লাহ তায়ালা যত নবী রাসূল প্রেরণ করেছেন তাঁরা সকলেই নিজ নিজ উম্মাহকে দাজ্জালের ব্যাপার সতর্ক করেছেন। -সুনানে ইবনে মাজাহ ৪০৭৭, আল্লামা কাশ্মিরী রহ. ফয়জুল বারীতে (৪/৪০৬) হাদিসটিকে সহিহ বলেছেন।

দাজ্জালের ফিতনা যেহেতু এতটাই ভয়াবহ তাই এ ফিতনা হতে বাঁচার জন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একাধিক হাদিসে আমাদেরকে প্রয়োজনীয় দিকনির্দেশনা দিয়ে গেছেন, এমনিতেই তো প্রত্যেক মুসলমানের এ পথ নির্দেশনা জানা থাকা প্রয়োজন, আর বর্তমানে যখন দাজ্জালের আবির্ভাবের সব আলামত একে একে প্রকাশ পেয়ে পাচ্ছে, দাজ্জালের বাহিনীও তাই পূর্ণ প্রস্তুতি গ্রহণ করছে, তো এখন যে এ বিষয়গুলো কতটা গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে তা কোন ঈমানদার –যে ঈমানের মূল্য এবং ঈমান হারানোর ভয়াবহ পরিনতি বুঝে– তার কাছে অজানা থাকার কথা নয়। তাছাড়া পরীক্ষা যত কঠিন হবে তাতে উত্তীর্ণ হওয়ার পুরস্কারও ততই বড় হবে। তাই এ পরীক্ষার প্রস্তুতিও তত বেশি হওয়া দরকার। তো চলুন, সংক্ষেপে জেনে নেই, দাজ্জালের ফিতনা হতে মুক্তির হাদিসে বর্ণিত আমলগুলো-

১. নামাযে দোয়ায়ে মাসূরার পরে বা দোয়ায়ে মাসূরার স্থলে এই দোয়া পড়া,

»اَللّٰهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ عَذَابِ جَهَنَّمَ، وَمِنْ عَذَابِ الْقَبْرِ، وَمِنْ فِتْنَةِ الْمَحْيَا وَالْمَمَاتِ، وَمِنْ فِتْنَةِ الْمَسِيحِ الدَّجَّالِ.«

অর্থ: হে আল্লাহ! আমি আপনার নিকট আশ্রয় প্রার্থনা করছি, জাহান্নামের আযাব হতে, কবরের আযাব হতে, জীবদ্দশার এবং মৃত্যু (ও মৃত্যু পরবর্তী সময়ের) ফিতনা হতে এবং দাজ্জালের ফিতনা হতে।

عن أبي هريرة، قال: قال رسول الله ﷺ: إذا تشهد أحدكم فليستعذ بالله من أربع يقول: اللهم إني أعوذ بك من عذاب جهنم ومن عذاب القبر، ومن فتنة المحيا

والممات، ومن شر فتنة المسيح الدجال صحيح مسلم: (588). وفي رواية له أخرى: إذا فرغ أحدكم من التشهد الآخر.

عن ابن عباس، أن رسول الله ﷺ كان يعلمهم هذا الدعاء كما يعلمهم السورة من القرآن يقول قولوا: «اللهم إنا نعوذ بك من عذاب جهنم، وأعوذ بك من عذاب القبر، وأعوذ بك من فتنة المسيح الدجال، وأعوذ بك من فتنة المحيا والممات قال مسلم بن الحجاج: بلغني أن طاوسا قال لابنه: أدعوت بها في صلاتك؟ فقال: لا، قال: أعد صلاتك، لأن طاوسا رواه عن ثلاثة أو أربعة، أو كما قال. صحيح مسلم: (588.(

قال الحافظ في «فتح الباري» (11 : 176 ط. دار الفكر) : (قوله: من فتنة المحيا أي زمن الحياة، «الممات» أي من الموت من أول النزع، وهلم جرا.(

আবু হুরাইরা রাযি. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমরা শেষ বৈঠকে তাশাহহুদের পরে চারটা বিষয় হতে আশ্রয় প্রার্থনা করবে, তোমরা বলবে, হে আল্লাহ! আমি আপনার নিকট আশ্রয় প্রার্থনা করছি, জাহান্নামের আযাব হতে, কবরের আযাব হতে, জীবদ্দশার ও মৃত্যুর সময়ের ফেতনা হতে এবং দাজ্জালের ফিতনা হতে। -সহিহ মুসলিম, ৫৮৮

ইবনে আব্বাস রাযি. বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবীদের এই দোয়াটি (এতটা গুরুত্ব সহকারে) শিখাতেন যেমনিভাবে তাদেরকে কুরআনের সূরা শিখাতেন। ইমাম মুসলিম বলেন, (তাবেয়ী) তাউস রহ. তাঁর ছেলেকে জিজ্ঞেস করলেন, তুমি কি নামাযে এই দোয়া পড়েছো, ছেলে বলল, না। তাউস বললেন, তুমি পুনরায় নামায পড়ো। -সহিহ মুসলিম, ৫৮৮

উল্লেখ্য, এই দোয়া সুন্নত ও নফল নামাযে তো পড়া যাবেই, একাকী ফরয নামায পড়লে কিংবা জামাতে পড়ার সময় সুযোগ পেলেও পড়া যাবে।

২- দাজ্জালের আবির্ভাব হলে পাহাড়, বন ও এধরণের দূর্গম অঞ্চলে চলে যাওয়া, দাজ্জালের আগমণের সংবাদ শোনা গেলে তার থেকে দূরে চলে যাওয়া।

দাজ্জালকে হত্যার দ্বায়িত্ব যেহেতু ইসা আলাইহিস সালামের তাই দাজ্জালের মোকাবেলার চেষ্টা না করে তার থেকে পালিয়ে বাঁচাই কর্তব্য।

عن عمران بن حصين الخزاعي ﷺ، قال: قال رسول الله ﷺ: «من سمع منكم بخروج الدجال فلينأ عنه، فإن الرجل يأتيه فيحسب أنه مؤمن، فيتبعه مما يبعث به من الشبهات -أو لما يبعث به من الشبهات-" هكذا قال». أخرجه أبو داود: (4319) وابن أبي شيبة في المصنف: (38614) والحاكم في المستدرك: (8615) وقال الشيخ شعيب في تعليقه على سنن أبي داود: إسناده صحيح ... وقد جوّد إسناده الحافظ ابن كثير في النهاية 163/1. وقال الشيخ عوامة في تعليقه على مصنف ابن أبي شيبة) :إسناد المصنف صحيح، وقد رواه أبو داود .... والحاكم وصححه على شرط مسلم، وسكت عنه الذهبي.(

ইমরান বিন হাসীন রাযি. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমাদের কেউ যখন দাজ্জালের আবির্ভাবের সংবাদ শুনে সে যেন তার হতে যথাসম্ভব দূরে সরে যায়, কেননা কেউ কেউ তার নিকট আসবে এবং মনে করবে আমি তো মুমিন, (কিন্তু) সে দাজ্জালের সৃষ্ট সংশয়ে পড়ে তার অনুসারী হয়ে যাবে। -সুনানে আবু দাউদ, ৪৩১৯ মুসান্নাফে ইবনে আবী শাইবা, ৩৮৬১৪ মুস্তাদরাকে হাকেম, ৮৬১৫। হাকেম আবু আব্দুল্লাহ, ইমাম ইবনে কাসীর, শায়েখ আওয়ামা, শায়েখ শুয়াইব আরনাউত সবাই হাদিসটিকে সহিহ বলেছেন।

৩- দাজ্জালের ফিতনা থেকে বাঁচার জন্য সূরা কাহাফের বিশেষ ফযিলত রয়েছে, দাজ্জালের ফিতনার মোকাবেলার জন্য সূরা কাহাফের বিভিন্ন আমল রয়েছে, যথা:

ক. সূরা কাহাফের প্রথম দশ আয়াত মুখস্ত করা।

খ. দাজ্জালের সম্মুখীন হয়ে গেলে সূরা কাহফের প্রথমদিকের আয়াতসমূহ তেলাওয়াত করা।

গ. জুমার দিন সূরা কাহাফ তেলাওয়াত করা

عن أبي الدرداء، أن النبي ﷺ، قال: «من حفظ عشر آيات من أول سورة الكهف عصم من الدجال». صحيح مسلم: (809)

আবুদ দারদা রাযি হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যে ব্যক্তি সূরা কাহাফের প্রথম দশ আয়াত মুখস্ত করবে সে দাজ্জালের ফিতনা থেকে মুক্তি পাবে। -সহিহ মুসলিম, ৮০৯

عن النواس بن سمعان الكلابي في حديث طويل عن الدجال: قال النبي صلى الله عليه وسلم فيه: من أدركه منكم، فليقرأ عليه فو اتح سورة الكهف. صحيح مسلم: (2937(

নাওয়াস বিন সামআন রাযিআল্লাহু আনহুর সূত্রে বর্ণিত এক দীর্ঘ হাদিসে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমাদের কেউ দাজ্জালের সম্মুখীন হলে সে যেন সূরা কাহফের প্রথমদিকের আয়াতসমূহ তেলাওয়াত করে। -সহিহ মুসলিম, ২৯৩৭

عن علي، قال: قال رسول الله ﷺ: من قرأ سورة الكهف يوم الجمعة، فهو معصوم إلى ثمانية أيام من كل فتنة، وإن خرج الدجال عصم منه. الأحاديث المختارة: (430) وقد اشترط في هذا الكتاب أن يخرخ الأحاديث الجياد المختارة مما ليس في الصحيحين أو أحدهما، وقد شهد له العلماء بوفاء هذا الشرط، فالحديث صحيح على شرطه، راجع المدخل إلى علوم الحديث للشيخ عبد المالك حفظه الله ص: 102 والرسالة المستطرفة للكتاني: ص: 24 ط. دار البشائر الإسلامية :1421هـ)

আলি রাযি. হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যে ব্যক্তি জুমার দিন সূরা কাহাফ তেলাওয়াত করবে সে আটদিন পর্যন্ত সবধরণের ফেতনা হতে নিরাপদ থাকবে, যদি এ সময়ের মাঝে দাজ্জালের আবির্ভাবে ঘটে তাহলে সে দাজ্জালের ফেতনা হতেও মুক্তি পাবে। - আলআহাদিসুল মুখতারাহ, ইমাম যিয়াউদ্দীন মাকদিসী, হাদিস নং৪৩০ তিনি এই কিতাবে শুধু সহিহ হাদিস আনার শর্ত করেছেন এবং পরবর্তী মুহাদ্দিসগণ তার এই শর্ত পূরণের স্বীকৃতি দিয়েছেন। সে হিসেবে হাদিসটি (কমপক্ষে তার নিকটে) সহিহ। দেখুন, আলমাদখাল, মাওলানা আব্দুল মালেক, পৃ: ১০২ আল রিসালাতুল মুসতাতরফাহ, শায়েখ জাফর আলকাত্তানী, পৃ: ২৪

৪ - দাজ্জালের আলামত ও দাজ্জালের সাথে সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদী সম্পর্কে নিজে জানা, অন্যকে জানানো, এসব বিষয় নিয়ে বেশি বেশি আলোচনা করা, মূলত দাজ্জাল সম্পর্কে পূর্ব অবগতি না থাকা দাজ্জালের ফিতনার শিকার হওয়ার একটা বড় কারণ হবে, এজন্যই হাদিসে এসেছে, দাজ্জালের অধিকাংশ অনুসারী হবে মহিলারা। কেননা পুরুষদের তুলনায় তাদের ইলম-আকল ও জ্ঞান-বুদ্ধি কম। তাই বিশেষ করে ঘরের মা-বোনদের এসব বিষয়ে জানানো দরকার।

عن جابر ﷺ، عن النبي ﷺ، قال: يخرج الدجال في خفة من الدين، وإدبار من العلم، .... أخرجه أحمد : (14954) والحاكم : (8613) وقال الحاكم: «هذا حديث صحيح الإسناد، ولم يخرجاه .»وقال الذهبي في التلخيص: على شرط مسلم. وقال الهيثمي في مجمع الزوائد: (رقم: 12525) : رواه أحمد بإسنادين، رجال أحدهما رجال الصحيح.

জাবের রাযি. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, দাজ্জাল বের হবে যখন মানুষের মাঝে দ্বীনদারী কমে যাবে, শরয়ী ইলম-জ্ঞান চর্চা কমে যাবে। -মুসনাদে আহমদ, ১৪৯৫৪ মুস্তাদরাকে হাকেম, ৮৬১৩ মাযমাউয যাওয়ায়েদ, ১২৫২৫। হাকেম আবু আব্দুল্লাহ, হাফেয যাহাবী ও হাইছামী রহ. হাদিসটিকে সহিহ বলেছেন।

حذيفة بن أسيد قال: إن الدجال لو خرج في زمانكم لرمته الصبيان بالخذف، ولكنه يخرج في نقص من الناس، وخفة من الدين، وسوء ذات بين ... رواه معمر بن راشد في جامعه: (20827) وعبد الله بن أحمد في السنة (995) والحاكم في المستدرك (8612)، وقال الحاكم: هذا حديث صحيح الإسناد، ولم يخرجاه. وقال الذهبي في التلخيص: على شرط البخاري ومسلم .

হুযাইফা বিন আসিদ রাযি. বলেন, দাজ্জাল যদি এ যমানায় বের হতো তাহলে বাচ্চারাও তাকে দেখে ঢিল ছুড়তো, কিন্তু সে তখন বের হবে যখন মানুষের দ্বীনদারী কমে যাবে ... । জামে' মা'মার বিন রাশেদ, ২০৮২৭ আসসুন্নাহ, ইমাম আব্দুল্লাহ বিন আহমদ, ৯৯৫ মুস্তাদরাকে হাকেম, ৮৬১২। হাকেম আবু আব্দুল্লাহ ও হাফেয যাহাবী রহ. হাদিসটিকে সহিহ বলেছেন।

অর্থাৎ দাজ্জালের আবির্ভাবের সময় মানুষ ইলম ও আমল থেকে দূরে সরে যাবে, তাদের মাঝে দাজ্জালের ফিতনা মোকাবেলার জন্য যে পরিমান ঈমানী শক্তি থাকা প্রয়োজন এবং দাজ্জাল সম্পর্কে যতটুকু জানাশোনা থাকা দরকার তার কিছুই থাকবে না, তাই তারা ব্যাপকভাবে দাজ্জালের ফিতনার শিকার হবে। পক্ষান্তরে খাইরুল কুরুন-ইসলামের স্বর্ণযুগের বাচ্চারাও দাজ্জাল সম্পর্কে সম্যক অবগত ছিল, তাদের ঈমানী অবস্থাও ছিল আমাদের চেয়ে অনেক উচ্চস্তরের, তাই তারা দাজ্জালকে খোদা বলে মানা তো দূরের কথা, দাজ্জালের খোদা হওয়ার দাবী শুনলে তারা তাকে উপহাস করে ঢিল ছুড়তো এবং বলতো, তুই যদি খোদা হয়ে থাকিস তাহলে নিজের চোখদুটি আগে ঠিক কর, যে নিজের শারীরিক ত্রুটিই দূর করতে পারে না সে আবার খোদা হয় কি করে?

عن ابن عمر، قال: قال رسول الله ﷺ: ينزل الدجال في هذه السبخة، بمر قناة، فيكون أكثر من يخرج إليه النساء، حتى إن الرجل ليرجع إلى حميمه، وإلى أمه، وابنته، وأخته، وعمته، فيوثقها رباطا، مخافة أن تخرج إليه . مسند أحمد: (5353) وقال الشيخ أحمد شاكر في تعليقه على مسند أحمد: إسناده صحيح ... والحديث في مجمع الزوائد، وذكر أن بعضه في الصحيح، وقال: رواه أحمد والطبراني في الأوسط، وفيه ابن إسحق، وهو مدلس.

ইবনে উমর রাযি. হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, দাজ্জাল মদিনার নিকটবর্তী এই উষর ভূমিতে অবতরণ করবে, (ফেরেশতাদের প্রহরার কারণে সে মদীনায় প্রবেশ করতে পারবে না) তখন তার কাছে যারা গমণ করবে তাদের অধিকাংশই হবে নারী, এমনকি পুরুষরা তাদের মা-বোন, কন্যা-স্ত্রী এদেরকে রশি দিয়ে বেঁধে রাখবে, যেন তারা দাজ্জালের কাছে যেতে না পারে। - মুসনাদে আহমাদ, ৫৩৫৩। শায়েখ আহমদ শাকের হাদিসটিকে সহিহ বলেছেন।

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১৪৩৪৪

*****